রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৩০, ২০১৭

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**আপীল বিভাগ, ঢাকা**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৫ জানুয়ারি ২০১৭

**নং ২৩/২০১৭ এসসি (এডি)**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব জহিরুল আলম ভূঁইয়া-কে আপীল বিভাগের সহকারী রেজিস্ট্রার-এর শূন্যপদে পদোন্নতি-পূর্বক প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২৯০০০-৩০৪৫০-৩১৯৮০-৩৩৫৮০-৩৫২৬০-৩৭০৩০-৩৮৮৯০-৪০৮৪০-৪২৮৯০-৪৫০৪০-৪৭৩০০-৪৯৬৭০-৫২১৬০-৫৪৭৭০-৫৭৫১০-৬০৩৯০-৬৩৪১০/- টাকার স্কেলে যোগদানের তারিখ হতে অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। এ আদেশ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারী করা হলো।

প্রধান বিচারপতির আদেশক্রমে

**অরুণাভ চক্রবর্ত্তী**
অতিরিক্ত রেজিস্ট্রার।

---

**বাংলাদেশ পুলিশ**
**রেঞ্জ ডিআইজির কার্যালয়**
**চট্টগ্রাম**

**আদেশাবলী**

তারিখ : ১৯ পৌষ ১৪২৩/২ জানুয়ারি ২০১৭

**নং প্রশা/০৩-২০১৬(অংশ)/০৮**—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/৫-২০১৫(অংশ-১)(ইন্স)/৩৭৬১/১(২৭), তারিখ ১৯-১২-২০১৬ খ্রিঃ মোতাবেক ডিএমপি, ঢাকা এর নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ ফিরোজ হোসেন (বিপি নং-৮০০৬১১২০৫৬) বদলীসূত্রে ৩১-১২-২০১৬ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে জনস্বার্থে কুমিল্লা জেলায় বদলী করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

**নং প্রশা/০৬-২০১৪/০৬**—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/৩৬-২০১৬(অংশ)(ইন্স)/৩৬৯৩/১(২০), তারিখ ১৪-১২-২০১৬ খ্রিঃ মোতাবেক শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক জনাব মোহাম্মদ শাহজাহান (বিপি নং-৭০৯৪০৭১৩৯২), ইন্ড্রাস্ট্রিয়াল পুলিশ-৩, চট্টগ্রাম হইতে বদলীর আদেশ প্রাপ্ত এবং ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৪, নারায়ণগঞ্জ হইতে প্রস্থান পূর্বক বদলীসূত্রে ০১-০১-২০১৭ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে জনস্বার্থে কুমিল্লা জেলায় বদলী করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

তারিখ : ২১ পৌষ ১৪২৩/০৪ জানুয়ারি ২০১৭

**নং প্রশা/০৩-২০১৬(অংশ)/২৭**—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/১০-২০১৫(ইন্স)/০১/১(২৫), তারিখ ১-১-১৭ খ্রিঃ মোতাবেক সিএমপি, চট্টগ্রাম এর নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব সৈয়দ আবু মোঃ শাহজাহান কবির (বিপি নং-৭৫৯৯০৫২৩৪৪) বদলীসূত্রে ০৪-০১-১৭ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে জনস্বার্থে কুমিল্লা জেলায় বদলী করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

তারিখ : ২০ পৌষ ১৪২৩/০৩ জানুয়ারি ২০১৭

**নং প্রশা/০৬-২০১৪/২২**—ব্রাহ্মণবাড়িয়া জেলার শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক জনাব মোঃ শাহাব উদ্দীন (বিপি-৭০৯৪০৪২৯৩৯) কে আবেদনক্রমে কুমিল্লা জেলায় বদলী করা হলো।

উক্ত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১০-০১-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১১-০১-২০১৭ খ্রিঃ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

আবেদনক্রমে বদলী হয়েছে বিধায় তিনি কোন প্রকার যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৬ পৌষ ১৪২৩/৯ জানুয়ারি ২০১৭

**নং প্রশা/০৩-২০১৬(অংশ)/৬১**—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/১৬-২০১৬(ইন্স)/৩৫৯৯/১(১৫০), তারিখ ০৬-১২-১৬ খ্রিঃ মোতাবেক ট্রাফিক এন্ড ড্রাইভিং স্কুল, ঢাকা হইতে এসআই নিরস্ত্র জনাব মোঃ খোরশেদ আলম (বিপি নং ৬৯৮৭০৬১৬৪৭) স্থানাপন্ন নিরস্ত্র পুলিশ পরিদর্শক পদে পদোন্নতিসহ ০৭-০১-১৭ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে জনস্বার্থে কক্সবাজার জেলায় বদলী করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

তারিখ : ২৭ পৌষ ১৪২৩/১০ জানুয়ারি ২০১৭

**নং প্রশা/০৬-২০১৪/৭২**—পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-জিএ/২৪-২০১৪(অংশ)(ইন্স)/৩৮৪১/১(১৫০), তারিখ ২৭-১২-১৬ খ্রিঃ মূলে ডিএমপি, ঢাকা হইতে সার্জেন্ট/জনাব এম. ইস্রাফিল মজুমদার (বিপি নং-৭৬০১০১০৮০২) স্থানাপন্ন শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক পদে পদোন্নতিসহ বদলীসূত্রে ১০-০১-২০১৭ খ্রিঃ তারিখ অত্র দপ্তরে যোগদান করায় তাহাকে জনস্বার্থে চাঁদপুর জেলায় বদলী করা হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

**মোহাঃ শফিকুল ইসলাম, বিপিএম**
ডিআইজি।

---

**পুলিশ সুপারের কার্যালয়, টাঙ্গাইল**

**অফিস আদেশাবলী**

তারিখ : ২৩ নভেম্বর ২০১৬

**নং ১০৬৩(৪৫)/সি**—অত্র জেলায় লাইন ও আর-এ কর্মরত/বদলীসূত্রে যোগদানকৃত নিম্নলিখিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকগণকে তাদের নামের পার্শ্ববর্ণিত থানা/ইউনিটে বদলী করা হলো।

১। জনাব মোঃ আব্দুছ ছালাম (পিপি নং-৬৫৭০০০৬২০০) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও আর, টাঙ্গাইল (ডিআইজি, ঢাকা রেঞ্জ, ঢাকার আদেশ নং ১৮১৬ তারিখ ১৭-১০-২০১৬ খ্রিঃ মূলে কিশোরগঞ্জ জেলা হতে গত ১০-১১-২০১৬ খ্রিঃ তারিখে যোগদানকৃত)—ইন্সপেক্টর, সদর সার্কেল অফিস, টাঙ্গাইল।

২। জনাব এসএম আলমগীর হোসেন (বিপি নং ৬৮৯১০২৮৬৫০), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও আর, টাঙ্গাইল (ডিআইজি, ঢাকা রেঞ্জ, ঢাকার আদেশ নং-১৯৯১ তারিখ : ০৯-১১-২০১৬ খ্রিঃ মূলে নরসিংদী জেলা হতে গত ১০-১১-২০১৬ খ্রিঃ তারিখে যোগদানকৃত)—ডিএসবি, টাঙ্গাইল।

৩। জনাব গোলাম মাহফীজুর রহমান, পিপিএম (বিপি নং-৭১৯৪১২৬৯৩৬) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও আর, টাঙ্গাইল।—ইন্সপেক্টর, সদর কোর্ট, টাঙ্গাইল।

৪। জনাব মোঃ মোখলেছুর রহমান (বিপি নং ৬৭৯৪০০৮০৭৬) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও আর, টাঙ্গাইল—ইন্সপেক্টর, মির্জাপুর সার্কেল অফিস, টাঙ্গাইল।

৫। জনাব মোঃ ফজলুল কবির (বিপি নং ৬২৮২০৬৭৩৩৬) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও আর, টাঙ্গাইল—আর ও আই রিজার্ভ অফিস, টাঙ্গাইল।

৬। জনাব এ, এইচ, এম লুৎফুল কবীর (বিপি নং-৭৯০৬১১২০৫৫), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও আর, টাঙ্গাইল (ডিআইজি, ঢাকা রেঞ্জ, ঢাকার আদেশ নং-২০২৮ তারিখ ১৫-১১-২০১৬ খ্রিঃ মূলে ডিএমপি, ঢাকা হতে পদোন্নতি সূত্রে গত ১৯-১১-২০১৬ খ্রিঃ তারিখে যোগদানকৃত)।—ইন্সপেক্টর, সদর পুলিশ ফাঁড়ি, সদর থানা, টাঙ্গাইল।

৭। জনাব মোঃ কামাল হোসেন (বিপি নং-৮১০৬১১৫৩৩২), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও আর, টাঙ্গাইল (ডিাইজি, ঢাকা রেঞ্জ, ঢাকার আদেশ নং-২০২৮ তারিখ ১৫-১১-২০১৬ খ্রিঃ মূলে সিআইডি, ঢাকা হতে পদোন্নতি সূত্রে গত ১৯-১১-২০১৬ খ্রিঃ তারিখে যোগদানকৃত)—ইন্সপেক্টর (তদন্ত) ধনবাড়ী থানা, টাঙ্গাইল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৯ নভেম্বর ২০১৬

**নং ১০৯৭(২১)/সি**—বদলীসূত্রে অত্র জেলায় যোগদানকৃত নিম্নলিখিত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শককে তাদের নামের পার্শ্ববর্ণিত ইউনিটে বদলী করা হলো।

১। জনাব মোঃ মিজানুর রহমান, (বিপি নং-৭৬৯৯০১০৮১৬) পুলিশ পরিদর্শক, শহর ও যানবাহন (ডিআইজি, ঢাকা রেঞ্জ, ঢাকার আদেশ নং-২০৮৩ তারিখ : ২৩-১১-২০১৬ খ্রিঃ মূলে ডিএমপি, ঢাকা হতে গত ২৮-১১-২০১৬ খ্রিঃ তারিখে যোগদানকৃত)—ট্রাফিক বিভাগ, টাঙ্গাইল (সংযুক্ত পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ৫ ডিসেম্বর ২০১৬

**নং ১১৩১(১৯)/সি**—নিম্নলিখিত নিরস্ত্র পুলিশ পরিদর্শকদ্বয়কে তাদের নামের পার্শ্ববর্ণিত ইউনিটে অফিসার ইনচার্জ/ইনচার্জ হিসেবে বদলী করা হলো।

১। জনাব মোহাম্মদ আলী বিশ্বাস, বিপি নং-৫৯৯০০৩৯৬২৮, অফিসার ইনচার্জ, সংযুক্ত ডিবি উত্তর, টাঙ্গাইল—অফিসার ইনচার্জ, ডিবি (উত্তর), টাঙ্গাইল।

২। জনাব কাইয়ুম খান সিদ্দিকী, বিপি নং ৮০০৬১১২৪০৩ নিরস্ত্র পুলিশ পরিদর্শক লাইন ও আর, টাঙ্গাইল (ডিআইজি, ঢাকা রেঞ্জ, ঢাকার আদেশ নং ২০৯২ তারিখ ২৪-১১-২০১৬ খ্রিঃ মূলে নরসিংদী জেলা হতে ০৫-১২-২০১৬ খ্রিঃ তারিখে যোগদানকৃত)—ইনচার্জ, বাঁশতৈল পুলিশ ফাঁড়ি মির্জাপুর থানা, টাঙ্গাইল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মাহবুব আলম, পিপিএম**
পুলিশ সুপার।

**বরিশাল মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স**

**অফিস আদেশ**

তারিখ : ৯ জানুয়ারি ২০১৭

**নং বিএমপি(প্রশা:)/২০১৭/১৮৯**—বরিশাল মেট্রোপলিটন পুলিশে কর্মরত সশস্ত্র পুলিশ পরিদর্শক এর নামের পার্শ্বে উল্লেখিত তারিখে তার বয়স ১৩-০১-২০১৭ তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে এবং তার ছুটি পাওনা সাপেক্ষে ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে পিআরএল (PRL) ছুটি মঞ্জুর করা হলো।

| ক্রঃ নং | নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | জন্ম তারিখ | পিআরএল এর তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ সেকান্দার আলী বিপি নং-৫৮৭৭০৪৭৯৩৭ সশস্ত্র পুলিশ পরিদর্শক বিএমপি, বরিশাল। | ১৪-০১-১৯৫৮ খ্রিঃ | ১৪-০১-১৭ তারিখ হতে ১৩-০১-১৮ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে পিআরএল |

**মোহাঃ আবুল কালাম আজাদ**
পুলিশ কমিশনার (ভারপ্রাপ্ত)।

---

**পুলিশ সুপারের কার্যালয়**
**খুলনা**

**অফিস আদেশ**

তারিখ : ৪ জানুয়ারি ২০১৭

**নং ৪/১৭**—খুলনা রেঞ্জ প্রজ্ঞাপন নং ০৮ তারিখ ০২-০১-২০১৭ খ্রিঃ মোতাবেক শহর ও যানবাহন পুলিশ পদির্শক গাজী মিজানুর রহমান পদোন্নতি ও বদলি সূত্রে ফরিদপুর জেলা থেকে ০৩-০১-১৭ খ্রিঃ খুলনা জেলায় যোগদান করেন। তাকে জনস্বার্থে খুলনা জেলার ট্রাফিক শাখায় শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক এর শূন্য পদে বদলি/পদায়ন করা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নিজামুল হক মোল্যা**
পুলিশ সুপার।

---

দুর্নীতি দমন কমিশন
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ জানুয়ারি ২০১৭

**নং দুদক/২৩১-৮৭(সং-১)/৩৯১(১৫)**—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত উপপরিচালক জনাব নিরাপদ স্বর্ণকার-কে তার আবেদনের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ৩০-১২-২০১৬ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ৩১-১২-২০১৬ হতে ৩০-১২-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর উত্তর ছুটি (পি.আর.এল.) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মোহাম্মদ মুনীর চৌধুরী**
মহাপরিচালক (প্রশাসন)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ জানুয়ারি ২০১৭

**নং দুদক/৩১-২০০৬/স্থাপন/১৪১৬**—দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫নং আইন)-এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর অধীন (সংশোধনীসহ) ও উক্ত আইনের তফসিলে বর্ণিত অপরাধসমূহের অভিযোগে অনুসন্ধান ও রুজুকৃত মামলার তদন্তের ক্ষমতা দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২০ ধারার ২ উপধারার বিধানমতে দুর্নীতি দমন কমিশনে কর্মরত নিম্নোক্ত কর্মকর্তাদেরকে প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আতিকুর রহমান খান | মহাপরিচালক |
| ২. | জনাব ওয়াকিল আহমদ | উপপরিচালক |

২। উল্লিখিত কর্মকর্তাগণ দূর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ১৯(১)(২) ধারায় বর্ণিত ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবু মোঃ মোস্তফা কামাল**
সচিব।

---

**উপ পরিচালকের কার্যালয়**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**চাঁদপুর।**

**স্মারকলিপি**

তারিখ : ২৬ ডিসেম্বর ২০১৬

**নং ১২.১৭.১৩০০.০৩৯.১৩.০২২.১৬.১৮৮৬(৬)**—অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগের আদেশ নং-অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ তারিখ : ০৬-০৪-২০১০ খ্রিঃ মোতাবেক নিম্নবর্ণিত কর্মকর্তার ৫৯ (উনষাট) বৎসর পূর্ণ হওয়ার প্রেক্ষিতে তার নামের পার্শ্বে বর্ণিত তারিখ থেকে পূর্ণগড় বেতনে ৩৬৫ দিন বা ০১(এক) বৎসর অবসর উত্তর ছুটি (পি আর এল) মঞ্জুর করা হলো এবং ছুটি শেষে বিধি মোতাবেক সরকারী চাকুরী থেকে চূড়ান্ত অবসর গ্রহণ করবেন।

| নং | নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | জন্ম তারিখ | পি আর এল গমনের তাং | মঞ্জুরীকৃত পিআরএল | চূড়ান্ত অবসর |
|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ দেলোয়ার হোসেন তালুকদার এএইও, উপজেলা কৃষি অফিস, হাইমচর, চাঁদপুর। | ০১-০১-১৯৫৮ খ্রিঃ | ০১-০১-১৭ | ০১-০১-১৭ হতে ৩১-১২-১৭ খ্রিঃ পর্যন্ত পূর্ণ গড় বেতনের ১(এক) বৎসর | ০১-০১-১৮ খ্রিঃ |

**আলী আহাম্মদ**
উপপরিচালক

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**অতিরিক্ত পরিচালকের কার্যালয়**
**বরিশাল অঞ্চল, বরিশাল**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ জানুয়ারি ২০১৭

নং ১২.১৬.০৬০০.০৩৯.১৯.১৪৯.১৪/০২/১(৭)—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশালের অধীনে কর্মরত নিম্নোক্ত সরকারি কর্মচারীকে একই পদ ও বেতনস্কেলে তাঁর নামের পার্শ্বে উল্লেখিত শুন্য পদে বদলী/পদায়ন করা হলো ঃ

১। জনাব মোঃ মোফাজ্জেল হোসেন, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, গৌরনদী, বরিশাল—সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, বরিশাল সদর, বরিশাল।

০২। বদলীজনিত কারণে তিনি কোন ভ্রমন ভাতা প্রাপ্য হবেন না।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ ওমর আলী শেখ**
অতিরিক্ত পরিচালক।

---

**খাদ্য অধিদপ্তর**
**প্রশাসন বিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১২ ডিসেম্বর ২০১৬

**নং ১৫৪৩**—জনাব মোহাম্মদ ইব্রাহীম আদম, খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শাহরাস্তি, চাঁদপুর সংযুক্তি-১.০৫ লক্ষ মেঃটন ধারণ ক্ষমতা সম্পন্ন নতুন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকাকে তার আবেদনের প্রেক্ষিতে সংযুক্তি আদেশ বহাল রেখে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর অধীনে বদলী করা হলো। তিনি সরকারি টিএ/ডিএ পাবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ৫ জানুয়ারি ২০১৭

**নং-১৩.০১.০০০০.০৩১.১৯.০৮২.১৬-৩২**—জনাব মোঃ আবু তাহের ঢালী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃদাঃ), সোনারগাঁও, নারায়ণগঞ্জকে তার আবেদনের প্রেক্ষিতে নিরাপত্তা কর্মকর্তা (চঃ দাঃ), নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ পদে বদলি করা হল।

তিনি কোন সরকারি টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মামুন আল মোর্শেদ চৌধুরী**
উপপরিচালক (সংস্থাপন)।

---

**বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়**

**অফিস আদেশাবলী**

তারিখ : ১১ জানুয়ারি ২০১৭

**নং সিএজি/জিবি-১/পিএফ-১৮৪৪(১৬)/০৫**—জনাব মোঃ আব্দুল হক, উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সিএও/ডাক টেলিযোগাযোগ বিভাগ এর এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ : ০২-০১-১৯৫৮ খ্রিঃ। সে অনুযায়ী তাঁর বয়স ০১-০১-২০১৭ খ্রিঃ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হয়েছে। তিনি ০১-০১-২০১৭ খ্রিঃ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেছেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ০২-০১-২০১৭ খ্রিঃ তারিখ হতে ০১-০১-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২(বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) আদিষ্ট হয়ে মঞ্জুর করা হলো।

**নং সিএজি/জিবি-১/পিএফ-১৫৫৮(০৯)/০৬**—জনাব মোঃ আমিনুল ইসলাম সরকার, এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) এর কার্যালয়, রংপুর সেনানিবাস, রংপুর এর এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ : ২৯-১২-১৯৫৭ খ্রিঃ। সে অনুযায়ী তাঁর বয়স ২৮-১২-২০১৬ খ্রিঃ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হয়েছে। তিনি ২৮-১২-২০১৬ খ্রিঃ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেছেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ২৯-১২-২০১৬ খ্রিঃ তারিখ হতে ২৮-১২-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২(বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) আদিষ্ট হয়ে মঞ্জুর করা হলো।

**মোঃ খুরশীদ আলম পাটওয়ারী**
অতিরিক্ত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

---

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট**
**আগ্রাবাদ, চট্টগ্রাম।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ২য়/১২-ইটি/আর ও-বদলী/২০১৩/২৮৯**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম-এ কর্মরত নিম্নবর্ণিত রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ) গণ-কে কলাম (৩) হতে কলাম (৪) এ উল্লিখিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলো ঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | বর্তমান কর্মস্থল | বদলী/পদস্থকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | জনাব মোঃ আব্দুর রাজ্জাক<br>জন্ম তারিখ : ১৯-০৯-৬৪ | সদর দপ্তর (অডিট শাখা); প্রেষণে-আইন ও সমন্বয় সেল, জাতীয় রাজস্ব বোর্ড। | সীতাকুন্ড সার্কেল |
| ২. | জনাব নুরের জামান<br>জন্ম তারিখ : ০৬-০১-৬৫ | সীতাকুন্ড সার্কেল | সদর দপ্তর (নিবারক) |

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**নং ২য়/১১৪-ইটি/সহঃ রাজস্ব কর্মকর্তা/বদলী/১৩(অংশ-১)/১৬/২৯০**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রামে কর্মরত নিম্নবর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাগণ-কে নামের পার্শ্বে কলাম ০৩ এ বর্ণিত কর্মস্থল হতে কলাম নং ০৪ এ বর্ণিত কর্মস্থল বদলী/পদস্থ করা হলো ঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | বর্তমান কর্মস্থল | বদলী/পদস্থকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | জনাব মোঃ মুজিবর রহমান<br>জন্ম তারিখ : ০১-০৩-১৯৬৩ | সদর দপ্তর (নিবারক) | চট্টলা বিভাগ |
| ২. | জনাব সৈয়দ সেলিম মাহমুদ<br>জন্ম তারিখ : ০১-০১-১৯৭১ | চট্টলা বিভাগ | সদর দপ্তর (নিবারক) |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৩. | জনাব সুপ্তা স্যানাল<br>জন্ম তারিখ : ০৪-০২-১৯৭৪ | সদর দপ্তর (নিবারক) | সদর দপ্তর (অডিট) |
| ৪. | জনাব মোঃ ইমরুল হোসেন পাটওয়ারী<br>জন্ম তারিখ : ০৪-০১-১৯৭৯ | খাগড়াছড়ি বিভাগ | সদর দপ্তর (নিবারক) |
| ৫. | জনাব মোঃ জিন্নাতুল ফেরদৌস<br>জন্ম তারিখ : ০৩-০১-১৯৮৩ | সদর দপ্তর (নিবারক) | আগ্রাবাদ বিভাগ |
| ৬. | জনাব হারুন-অর-রশিদ<br>জন্ম তারিখ : ০১-০১-১৯৭৬ | আগ্রাবাদ বিভাগ | সদর দপ্তর (নিবারক) |
| ৭. | জনাব মোহাম্মদ সাইফুল কবীর<br>জন্ম তারিখ : ৩১-১২-১৯৭৮ | আগ্রাবাদ বিভাগ | আগ্রাবাদ বিভাগ, প্রেষণে-আইন ও সমন্বয় সেল, জাতীয় রাজস্ব বোর্ড। |

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ গোলাম কিবরীয়া**
কমিশনার।

---

**কর কমিশনারের কার্যালয়**
**কর অঞ্চল-রাজশাহী।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০১ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২ই-৩/২০১৬-২০১৭/৯৫১**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই কর অঞ্চলের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁহাদের নামের পার্শ্বে উল্লিখিত অফিসে বদলী/অতিরিক্ত দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | যে অফিসে বদলী করা হইল | যে অফিসের অতিরিক্ত দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ সোলায়মান মিয়া<br>অতিরিক্ত সহকারী কর কমিশনার<br>উপকর কমিশনারের কার্যালয়<br>সার্কেল-২০, নাটোর | .. | উপকর কমিশনারের কার্যালয় সার্কেল-১২ (ঈশ্বরদী) পাবনা। |
| ২. | জনাব পেয়ারু হোসেন<br>অতিরিক্ত সহকারী কর কমিশনার<br>কর কমিশনারের কার্যালয়<br>কর অঞ্চল, রাজশাহী। | উপকর কমিশনারের কার্যালয়, সার্কেল-১২ (ঈশ্বরদী), পাবনা। | .. |

এ আদেশ জনস্বার্থে ও প্রশাসনিক প্রয়োজনে করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

তারিখ : ১০ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২ই-৩/২০১৬-২০১৭/১০০৪**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত উপকর কমিশনারের কার্যালয়, সার্কেল-১ (কোম্পানীজ) রাজশাহীর উপকর কমিশনার জনাব মোঃ আব্দুল মালেক'কে উপকর কমিশনার (সদর দপ্তর ঃ প্রশাসন) কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-রাজশাহীর অতিরিক্ত দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করা হইল।

এ আদেশ জনস্বার্থে ও প্রশাসনিক প্রয়োজনে করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ দবির উদ্দিন**
কর কমিশনার।

---

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট**
**উপশহর, রাজশাহী।**

**আদেশাবলী**

তারিখ : ১৬ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২/রাজঃ কমিঃ/ইটি/০৫/বদলী/২০১৪/২৪৬**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে কর্মরত নিম্নবর্ণিত রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব)-গণকে তাঁদের নামের পার্শ্বে ০৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পদবী | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১ | জনাব একেএম মাহমুদ হোসেন<br>জন্ম তারিখ : ০১-১০-১৯৫৯ | রাজস্ব কর্মকর্তা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিরাজগঞ্জ | সদর দপ্তর, রাজশাহী |
| ২ | জনাব খন্দকার নাসির আহমেদ<br>জন্ম তারিখ : ০১-০২-১৯৫৯ | রাজস্ব কর্মকর্তা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল-২, রাজশাহী | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল-১, রাজশাহী অতিরিক্ত দায়িত্ব রাজশাহী সার্কেল-৩, সুলতানগঞ্জ, রাজাবাড়ী, চারঘাট ও মতিহার শুল্ক করিডোর |
| ৩ | জনাব লস্কর বখতিয়ার রহমান<br>জন্ম তারিখ : ২০-০৪-১৯৬৫ | রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব) | রাজশাহী সার্কেল-৩ অতিরিক্ত সুলতানগঞ্জ ও রাজাবাড়ী শুল্ক করিডোর | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট চাঁপাইনবাবগঞ্জ সার্কেল-১ অতিরিক্ত দায়িত্ব চাঁপাইনবাবগঞ্জ সার্কেল-২, রহণপুর শুল্ক স্টেশন, ভোলাহাট শুল্ক করিডোর এবং কানসাট শুল্ক করিডোর |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে। আদেশের ক্রমিক নং **১** ও **৩** এ বর্ণিত কর্মকর্তাগণ আগামী ১৭-০১-২০১৭ খ্রিঃ পূর্বাহ্ন হতে অব্যাহতিপ্রাপ্ত বলে গণ্য হবেন এবং দাপ্তরিক প্রয়োজনে আগামী ১৮-০১-২০১৭ খ্রিঃ পূর্বাহ্নে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

**নং ২-৭(২)৩/ইটি/সদর/২০১৩/২৪৯**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তার সার্বিক কাজকর্ম সন্তোষজনক পরিলক্ষিত না হওয়ায় "সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো" এর 'জিরো টলারেন্স' নীতির আওতায় প্রশাসনিক কারণে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে ০৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ | পদবী | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১ | জনাব মোসাঃ সালিমা হাসান<br>জন্ম তারিখ : ০৫-০১-১৯৮০ | সহঃ রাজস্ব কর্মকর্তা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, জয়পুরহাট |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে। বদলীকৃত কর্মকর্তা ১৭-০১-২০১৭ খ্রিঃ অপরাহ্ন হতে অব্যাহতি প্রাপ্ত বলে গণ্য হবেন এবং আগামী ১৮-০১-২০১৭ খ্রিঃ পূর্বাহ্নে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

**নং ২/রাজঃ কমিঃ/ইটি/০৫/বদলী/২০১৪/২৪৫**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সার্বিক কাজকর্ম সন্তোষজনক পরিলক্ষিত না হওয়ায় "সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো" এর 'জিরো টলারেন্স' নীতির আওতায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে ০৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পদবী | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১ | জনাব সমীর কুমার শিকদার<br>জন্ম তারিখ : ১০-০৬-১৯৬৩ | রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব) | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট চাঁপাইনবাবগঞ্জ সার্কেল-১ অতিরিক্ত দায়িত্ব রহণপুর শুল্ক স্টেশন ও ভোলাহাট শুল্ক করিডোর এবং কানসাট শুল্ক করিডোর | সদর দপ্তর, রাজশাহী |
| ২ | জনাব আঞ্জুমান আরা বেগম<br>জন্ম তারিখ : ০১-০১-১৯৬১ | রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব) | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট চাঁপাইনবাবগঞ্জ সার্কেল-২ | সদর দপ্তর, রাজশাহী |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে। বদলীকৃত কর্মকর্তাগণ ১৭-০১-২০১৭ খ্রিঃ অপরাহ্ন হতে অব্যাহতি প্রাপ্ত বলে গণ্য হবেন এবং আগামী ১৮-০১-২০১৭ খ্রিঃ পূর্বাহ্নে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

**মোঃ মোয়াজ্জেম হোসেন**
কমিশনার (চলতি দায়িত্ব)।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২-৭(১)/ইটি/সদর/অংশ-২/৯৮/২৯৯**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে ০৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পদবী | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১ | জনাব মোঃ নূর-উদ্দিন মিলন | উপ-কমিশনার (চলতি দায়িত্ব) | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, বগুড়া অতিরিক্ত দায়িত্ব কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিরাজগঞ্জ এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, জয়পুরহাট | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, বগুড়া অতিরিক্ত দায়িত্ব কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সিরাজগঞ্জ |
| ২ | জনাব মোহাম্মদ হাবিবুর রহমান | সহকারী কমিশনার | সোনামসজিদ স্থল শুল্ক স্টেশন | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পাবনা |
| ৩ | জনাব মোহাম্মদ কাউছার আলম পাটওয়ারী | সহকারী কমিশনার | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পাবনা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নাটোর |
| ৪ | জনাব মোঃ আব্দুল্লাহ সরকার | সহকারী কমিশনার | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নাটোর অতিরিক্ত দায়িত্ব কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নওগাঁ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নওগাঁ অতিরিক্ত দায়িত্ব কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, জয়পুরহাট |

২। জনস্বার্থে জারীকৃত ও আদেশ অবিলম্বে কার্যকর হবে। বদলিকৃত কর্মকর্তাগণ আগামী ২৩-০১-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্ন হতে অব্যাহতি প্রাপ্ত বলে গণ্য হবেন এবং দাপ্তরিক প্রয়োজনে ২৪-০১-২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

তারিখ, ২২ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২-৭(১)/ইটি/সদর/অংশ-২/৯৮/৩৩৫**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে কর্মরত/এ কমিশনারেটে সদ্য যোগদানকৃত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে ০৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও জন্ম তারিখ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পদবী | বর্তমান কর্মস্থল | পদায়ন/বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১ | জনাব মোহাম্মদ হাবিবুর রহমান | সহকারী কমিশনার | সোনামসজিদ স্থল শুল্ক স্টেশন | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নাটোর |
| ২ | জনাব মোঃ সোলাইমান হোসেন | সহকারী কমিশনার | এ কমিশনারেটে সদ্য যোগদানকৃত | সোনামসজিদ স্থল শুল্ক স্টেশন |
| ৩ | জনাব মোঃ আব্দুল্লাহ সরকার | সহকারী কমিশনার | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নাটোর অতিরিক্ত দায়িত্ব কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নওগাঁ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, নওগাঁ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। বদলিকৃত কর্মকর্তাগণ আগামী ২৬-০১-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্ন হতে অব্যাহতি প্রাপ্ত বলে গণ্য হবেন এবং দাপ্তরিক প্রয়োজনে পরবর্তী কর্মদিবসে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

৩। সদর দপ্তর, রাজশাহীর পত্র নং-২-৭(১)/ইটি/সদর/অংশ-২/৯৮/২৯৯, তারিখ ঃ ১৯-০১-২০১৭ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

**মোঃ মোয়াজ্জেম হোসেন**
কমিশনার (চলতি দায়িত্ব)।

---

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ ডিসেম্বর ২০১৬

**নং ৪৪.০৪.০০০০.০০৬.১৮.০০৮.৯০-৯০৮৩**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সকল প্রকার মদের দোকান বন্ধ ও খোলা রাখা সম্পর্কিত ১৯১৫ সালের ৩০ মার্চের ৫৯৬ এস, আর বিজ্ঞপ্তির ১৪(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে প্রজ্ঞাপন জারি করা যাচ্ছে যে, নিম্নলিখিত দিবসমূহের পবিত্রতা ও মর্যাদা রক্ষার্থে নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত সময়সূচী (*চাঁদ দেখার উপর নির্ভরশীল) অনুসারে সকল প্রকার মদের দোকান/বার/ক্লাব বন্ধ থাকবে :

১। (ক) *শব-ই-মিরাজ ২৪ এপ্রিল ২০১৭ তারিখ সূর্যাস্ত হতে ২৫ এপ্রিল ২০১৭ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;

(খ) *শব-ই-বরাত ১১ মে ২০১৭ তারিখ সূর্যাস্ত হতে ১২ মে ২০১৭ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;

(গ) *শব-ই-কদর ২২ জুন ২০১৭ তারিখ সূর্যাস্ত হতে ২৩ জুন ২০১৭ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;

(ঘ) *ঈদ-উল-ফিতর ২৫ জুন ২০১৭ তারিখ সূর্যাস্ত হতে ২৬ জুন ২০১৭ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;

(ঙ) *ঈদ-উল-আযহা ০১ সেপ্টেম্বর ২০১৭ তারিখ সূর্যাস্ত হতে ০২ সেপ্টেম্বর ২০১৭ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;

(চ) *আশুরা ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ সূর্যাস্ত হতে ০১ অক্টোবর ২০১৭ তারিখ সূর্যাস্ত পর্যন্ত;

(ছ) *ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) ৩০ নভেম্বর ২০১৭ তারিখ সূর্যাস্ত হতে ০১ ডিসেম্বর ২০১৭ তারিখ সূর্যাস্ত পর্যন্ত।

২। **পবিত্র রমজান মাস :**

(ক) যে সকল আন্তর্জাতিক মানের হোটেল, ক্লাব এবং বারে যেখানে শুধুমাত্র বিদেশীরাই মদ্যপান করেন সে সকল প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য হোটেল, ক্লাব এবং বার এ দিনের বেলায় মদ্যপান সম্পূর্ণভাবে বন্ধ থাকবে;

(খ) দেশী মদের দোকানগুলো সকাল ৮.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত মদ বিক্রয়ের জন্য খোলা রাখা যাবে। তবে রমজান মাসের পবিত্রতা রক্ষার্থে পারমিটধারীগণও দোকানে বসে মদ্যপান করতে পারবেন না;

(গ) বিদেশী মদ "অফ" দোকানগুলো সকাল ৮.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে;

(ঘ) তাড়ীর দোকানগুলো কোন অবস্থাতেই দিনের বেলায় খোলা থাকবে না।

৩। সকল প্রকার মদের দোকান ও বার শুক্রবারে অবশ্যই বন্ধ থাকবে।

৪। এরূপ বন্ধ রাখার জন্য লাইসেন্সধারীগণ কোন প্রকার ক্ষতিপূরণ পাবেন না।

**খন্দকার রাকিবুর রহমান**
মহাপরিচালক।

---

**কারা অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০৭.০০০০.০২২.০১.০০৫.২০১৬-১০৩২**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নোক্ত কর্মচারীগণকে (জেলার) তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলী/পদায়ন করা হলো। তাদেরকে বদলীকৃত কর্মস্থলে সত্তর যোগদানের জন্য নির্দেশ দেয়া হলো ঃ—

(১) জনাব মাসুদ পারভেজ মঈন, জেলার, সিলেট কেন্দ্রীয় কারাগার—রাঙ্গামাটি জেলা কারাগার।

(২) জনাব মোঃ আবু সায়েম, জেলার, গোপালগঞ্জ জেলা কারাগার—সিলেট কেন্দ্রীয় কারাগার।

(৩) জনাব মোঃ জয়নাল আবেদীন ভূইয়া, জেলার, রাঙ্গামাটি জেলা কারাগার—নোয়াখালী জেলা কারাগার।

(৪) জনাব মোহাম্মদ আতিকুর রহমান, জেলার (চঃ দাঃ), নোয়াখালী জেলা কারাগার—গোপালগঞ্জ জেলা কারাগার।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ ইফতেখার উদ্দীন**
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।

---

**গণযোগাযোগ অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ জানুয়ারি ২০১৭ খ্রি.

**নং ১৫.৫৬.২৬৬৬.০০১.১১.১২.১৬-৩৮**—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ১৬-০৭-২০১৬ তারিখের ৮০.০০.০০০০. ৩০১ (গোপনীয়).১১.২০৭৩.১৬-১৫৭ নম্বর পত্রের সুপারিশ এবং তথ্য মন্ত্রণালয়ের ২৬-১২-২০১৬ তারিখের ১৫.০০.০০০০.০২৫. ১১.০০৩.১৫-৪৩৪ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে, নিম্নবর্ণিত ১২(বার) জন প্রার্থীকে এ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার (২য় শ্রেণি) পদে ৮ম জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ তম গ্রেডে (১৬,০০০-৩৮,৬৪০ টাকার স্কেলে) নিম্নলিখিত শর্তে নিয়োগ/ পদায়ন করা হলো:

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | নিয়োগ/বদলিকৃত স্থান |
|---|---|---|
| ১। | জনাব মোঃ বেলায়েত হোসেন<br>পিতা-মোঃ শাহাব উদ্দিন<br>মাতা-পরভীন জাহানারা বেগম<br>গ্রাম-রামানন্দী, ডাকঘর-রামানন্দী,<br>উপজেলা-লক্ষ্মীপুর,<br>জেলা-লক্ষ্মীপুর। | জেলা তথ্য অফিস, চাঁদপুর। |
| ২। | জনাব মেহেদী হাসান<br>পিতা-মোঃ ওবায়েদউল্ল্যাহ<br>মাতা-নুরজাহান বেগম<br>গ্রাম-পশ্চিম জয়নগর<br>ডাকঘর-খায়ের হাট<br>উপজেলা-দৌলতখান,<br>জেলা-ভোলা। | জেলা তথ্য অফিস, পটুয়াখালী। |
| ৩। | জনাব সেলিম মাহমুদ<br>পিতা-আঃ মাজেদ হাওলাদার<br>মাতা-রাজিয়া বেগম<br>গ্রাম-পূর্ব ধামুরা, ডাকঘর-ধামুরা,<br>উপজেলা-উজিরপুর,<br>জেলা-বরিশাল। | জেলা তথ্য অফিস, বরগুনা। |
| ৪। | জনাব দেলোয়ার হোসেন<br>পিতা-মোঃ আজিম শেখ<br>মাতা-নিহার বেগম<br>গ্রাম-উথলী, ডাকঘর-শিরগ্রাম<br>উপজেলা-আলফাডাঙ্গা<br>জেলা-ফরিদপুর। | জেলা তথ্য অফিস গোপালগঞ্জ |
| ৫। | জনাব মোঃ সাইফুল আলম<br>পিতা-মোঃ ইকবাল হোসেন<br>মাতা-ময়না খাতুন<br>গ্রাম-চকদিগা, ডাকঘর-হোসেন্দী,<br>উপজেলা-পাকুন্দিয়া,<br>জেলা-কিশোরগঞ্জ। | জেলা তথ্য অফিস কিশোরগঞ্জ |
| ৬। | জনাব মিজানুর রহমান<br>পিতা-মোঃ আঃ গফুর<br>মাতা-লাভলী বেগম, গ্রাম-থোড়া,<br>ডাকঘর-হাদিরা বাজার,<br>উপজেলা-ধনবাড়ী, জেলা-টাঙ্গাইল। | জেলা তথ্য অফিস সিরাজগঞ্জ |
| ৭। | জনাব মোঃ আব্দুছ ছাত্তার<br>পিতা-মোঃ আব্দুল মালেক<br>মাতা-রাবিয়া খাতুন<br>গ্রাম-আগানগর, ডাকঘর-আগানগর,<br>উপজেলা-ভৈরব,<br>জেলা-কিশোরগঞ্জ। | জেলা তথ্য অফিস সিলেট |
| ৮। | জনাব এলিন সাঈদ-উর রহমান<br>পিতা-এ. আর.এম. বদরুদ্দোজা<br>মাতা-মিসেস নাজমা বিলকিস<br>গ্রাম-মাদ্রসাপাড়া, আলতাপোল,<br>ডাকঘর-কেশবপুর-৭৪৫০,<br>উপজেলা-কেশবপুর,<br>জেলা-যশোর। | জেলা তথ্য অফিস যশোর |
| ৯। | জনাব আব্দুল আহাদ<br>পিতা-ওসমোহাম্মদ<br>মাতা-আয়েশা খাতুন<br>গ্রাম-কোচিয়াপাড়া<br>ডাকঘর-রাজবাড়ী হাট<br>উপজেলা-গোদাগাড়ী,<br>জেলা-রাজশাহী। | জেলা তথ্য অফিস নাটোর |
| ১০। | জনাব আশিষ হালদার<br>পিতা-আসুতোষ হালদার<br>মাতা-আরতী রাণী হালদার<br>গ্রাম-শতদশকাঠি,<br>ডাকঘর-শতদশকাঠি,<br>উপজেলা-ঝালকাঠি সদর<br>জেলা-ঝালকাঠি। | জেলা তথ্য অফিস বরিশাল |
| ১১। | জনাব মোঃ ইব্রাহিম মোল্লা সুমন<br>পিতা-মোঃ আব্দুর রউফ<br>মাতা-শাহিনা খাতুন<br>গ্রাম-আকন্দপাড়া,<br>ডাকঘর-সানন্দবাড়ী<br>উপজেলা-দেওয়ানগঞ্জ<br>জেলা-জামালপুর। | জেলা তথ্য অফিস শেরপুর |
| ১২। | মিজ রহিমা আক্তার<br>পিতা-মোঃ মোবারক হোসেন<br>মাতা-শেফালী বেগম<br>গ্রাম-ছাতারপাইয়া, ডাকঘর-<br>ছাতারপাইয়া, উপজেলা-সেনবাগ,<br>জেলা-নোয়াখালী। | জেলা তথ্য অফিস মুন্সিগঞ্জ |

২। (ক) তাকে ০২(দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তার চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(খ) তার শিক্ষানবিশি মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদে তার আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তার নিয়োগ স্থায়ী করা হবে;

(গ) তিনি চাকুরি থেকে ইস্তফা দিতে চাইলে ৩০ (ত্রিশ) দিন পূর্বে কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে আবেদন করবেন অথবা ১৪ (চৌদ্দ) দিনের বেতন বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের মূলকপিসহ কর্তৃপক্ষ বরাবরে আবেদন পেশ করবেন।

(ঘ) বাংলাদেশ সরকারী কর্মকমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঙ) The Government Servant (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(চ) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপন করবেন।

(ছ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণভাতা/দৈনিকভাতা পাবেন না।

৩। উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২২-০১-২০১৭ তারিখের মধ্যে তার নামের পার্শ্বে বর্ণিত জেলা তথ্য অফিসে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**কামরুন নাহার**
মহাপরিচালক।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা**
**রাজস্ব শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪১.৩০০০.০০৯.১৮.০০১.১৬-৭৮৪**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে নিম্নোক্ত ছকের ৪নং কলামে উল্লিখিত কর্মস্থলে বদলী/পদায়ন করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নং | কর্মকর্তার পদবি ও বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | জনাব সত্যজিত রায় দাশ<br>পরিচিতি নং (১৬৯৬৯)<br>নিজ জেলা-খাগড়াছড়ি। | সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার এর কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকায় যোগদানকৃত (সহকারী কমিশনার (ভূমি) হিসেবে শ্রীপুর, গাজীপুর বদলীর আদেশাধীন)। | সহকারী কমিশনার (ভূমি)<br>সিদ্ধিরগঞ্জ রাজস্ব সার্কেল,<br>নারায়ণগঞ্জ। |

২। এ কার্যালয়ের ১৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের ০৫.৪১.৩০০০.০১৩.১৯.০০৩.১৬-৭৪৯ নং প্রজ্ঞাপনে জনাব সত্যজিত রায় দাস (১৬৯৬৯)-কে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে শ্রীপুর, গাজীপুর এবং ১৭ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের ০৫.৪১.৩০০০.০১৩.১৯.০০৩.১৬-৭৫৭ নং প্রজ্ঞাপনে জনাব মোঃ মাসুম রেজা (১৬৭৪২), সহকারী কমিশনার (ভূমি) হিসেবে ঘাটাইল, টাঙ্গাইল এর বদলীর আদেশে তাদের ক্ষেত্রে প্রযোজ্য অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নুরুন্নবী**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা**
**(সাধারণ শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪১.৩০০০.০১২.১১.০৫৮.১৬.৪৩৯**—জেল কোড এর ১ম খণ্ড "দি বেঙ্গল জেল কোড" ১৯৩৭ এর ৫৬(২) নং বিধি এবং জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল এর প্রস্তাবমতে নিম্নবর্ণিত ব্যক্তিকে ২৪ জুলাই ২০১৬ তারিখের ০৫.৪১.৩০০০.০১২.১১.০২৯.১৩.২৬৪ নং বিজ্ঞপ্তির পরবর্তী সময়ের জন্য টাঙ্গাইল জেলা কারাগারের বেসরকারি কারা পরিদর্শক হিসেবে নিয়োগ করা হলো:

| নাম, পিতা/স্বামীর নাম | ঠিকানা |
|---|---|
| জনাব মোঃ রফিকুল ইসলাম খান<br>পিতা-রবিউল হাসান খান | সাং-মেইন রোড থানার পশ্চিম পার্শ্বে, কাগমারী সড়ক, কলেজ পাড়া, ডাকঘর-টাঙ্গাইল, উপজেলা-টাঙ্গাইল সদর, জেলা-টাঙ্গাইল। |

**হেলালুদ্দীন আহমদ**
বিভাগীয় কমিশনার।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**ময়মনসিংহ বিভাগ**
**ময়মনসিংহ**

**অফিস আদেশ**

তারিখ: ২৯ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১২ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৫.৬১০০.০১৪.১৯.০০৪.১৬-১৪(২০)**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৩৯.১৯.০০২.১৭.০১, তারিখঃ ০১-০১-২০১৭ খ্রি. মূলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রামে ন্যস্তকৃত সিনিয়র সহকারী কমিশনার, জনাব জাহিদ ইকবাল (পরিচিতি নং-১৬৬৪৮)-কে পদায়নকৃত যোগদানের জন্য অদ্য ১২-০১-২০১৭ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। উল্লেখ্য এ কার্যালয় হতে তিনি কোনো বেতন-ভাতাদি গ্রহণ করেননি।

**জি. এম. সালেহ উদ্দিন**
বিভাগীয় কমিশনার।

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/০৩ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৫.৬১০০.০১৩.২৫.০০৫.১৬-০১(৭০)**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৩৭.১৮.০৫৯.১৬-৬৪৫, তারিখঃ ১৪ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/২৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ মূলে এ কার্যালয়ে ন্যস্ত নিম্নবর্ণিত সহকারী কমিশনারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার (শিক্ষানবিশ) হিসেবে নিয়োগ/পদায়ন করা হলোঃ

| ক্রমিক নং | সহকারী কমিশনারের (শিক্ষানবিশ) নাম | নিজ জেলা | বদলী/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | জনাব সরওয়ার কামাল | কক্সবাজার | জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা |

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/২৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.১৮.০৫৯.১৬-৬৪৫ নং প্রজ্ঞাপন অনুযায়ী উল্লিখিত শিক্ষানবিশ সহকারী কমিশনার নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত।

৩। শিক্ষানবিশকালের মধ্যে উক্ত কর্মকর্তাকে বুনিয়াদি প্রশিক্ষণ, কেস রেকর্ড এ্যানোটেশন, বিভাগীয় পরীক্ষায় পাশ ও ট্রেজারী ট্রেনিং গ্রহণসহ চাকুরীতে স্থায়ী হওয়ার জন্য প্রয়োজনীয় সকল আনুষ্ঠানিকতা সম্পন্নকরণের বিষয়ে জেলা প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। যোগদানের পরপরই সংশ্লিষ্ট জেলা প্রশাসক তাঁর নিজ দপ্তরসহ জেলা পর্যায়ের গুরুত্বপূর্ণ অফিসসমূহের কার্যক্রম সম্পর্কে নিয়োগকৃত কর্মকর্তাকে ধারণা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সংযুক্তি ও প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণপূর্বক এর কপি এ কার্যালয়ে প্রেরণ করবেন।

৫। প্রশিক্ষণ কর্মসূচী সমাপ্ত হওয়ার পর জেলা প্রশাসক শিক্ষানবিশ সহকারী কমিশনার সম্পর্কে ব্যক্তিগতভাবে মূল্যায়ন করে একটি প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ ও এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করবেন।

৬। পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য উল্লিখিত কর্মকর্তা আগামী ০৫-০১-২০১৭ খ্রিঃ তারিখ অপরাহ্নে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ হতে অবমুক্ত হবেন।

৭। তিনি এ কার্যালয় হতে কোন বেতন-ভাতা গ্রহণ করেননি।

৮। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**জি. এম. সালেহ উদ্দিন**
বিভাগীয় কমিশনার।

**বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম**
**(সংস্থাপন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ ডিসেম্বর ২০১৬

**নং ০৫.৪২.০০০০.০১৯.১৪.০০১.১৬-১০৪৬**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পাশে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে বদলি/পদায়ন করা হল ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | বর্তমান কর্মস্থলের নাম | যে উপজেলায় বদলি/পদায়ন করা হল |
|---|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ নায়িবুজ্জামান (১৫৯৩১)<br>নিজ জেলা-ঢাকা<br>স্পাউজের জেলা-ঢাকা। | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামে ন্যস্ত। | উপজেলা নির্বাহী অফিসার, আলীকদম, বান্দরবান। |
| ২। | জনাব সালেহীন তানভীর গাজী (১৫৯৯৩)<br>নিজ জেলা-নোয়াখালী<br>স্পাউজের জেলা-চট্টগ্রাম। | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার। | উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া। |
| ৩। | জনাব খোন্দকার মোহাম্মদ রিজাউল করিম (১৬৪৮৭)<br>নিজ জেলা-গোপালগঞ্জ<br>স্পাউজের জেলা-ঢাকা। | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামে ন্যস্ত। | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার। |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং বর্ণিত কর্মকর্তাগণ অবিলম্বে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

**শংকর রঞ্জন সাহা**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

**(রাজস্ব শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ ডিসেম্বর ২০১৬ খ্রি:

**নং ০৫.৪২.০০০০.০২১.২৮.০০১.১৬-৮৮৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ৮-১২-২০১৬ তারিখের ৩১.০০.০০০০.০৪৬. ১৯.০৫৫.১৪-৮৫৪ নং প্রজ্ঞাপনমূলে চট্টগ্রাম বিভাগে ন্যস্তকৃত ও যোগদানকৃত নিম্নবর্ণিত সহকারী কমিশনার (ভূমি) কে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত উপজেলা ভূমি অফিসে পদায়ন/বদলি করা হল:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর এবং নিজ জেলা | পদবি ও বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ৩। | এ.কে.এম সাইফুল আলম (১৭১৮৭)<br>নিজ জেলা-ঢাকা। | সহকারী কমিশনার (ভূমি)<br>বিভাগীয় কমিশনার অফিস চট্টগ্রামে ন্যস্তকৃত ও যোগদানকৃত। | উপজেলা ভূমি অফিস,<br>বরুড়া, কুমিল্লা। |

২। বর্ণিত কর্মকর্তাকে তাঁর কর্মস্থলের অধিক্ষেত্রের মধ্যে ভূমি বিষয়ক সরকারি প্যাওনাদি আদায়ের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি (Sanction) প্রদান করা হল।

৩। বর্ণিত কর্মকর্তা অদ্যই অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত মর্মে গণ্য হবেন। তাঁকে এ কার্যালয় হতে কোন প্রকার বেতন/ভাতা প্রদান করা হয়নি। তিনি বিএসআর (পার্ট-১) অনুযায়ী তাঁর যোগদানকাল প্রাপ্য হবেন।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**মোমিনুর রশিদ আমিন**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল**
**(সাধারণ শাখা)**

**অফিস আদেশ**

তারিখ : ১৯ পৌষ ১৪২৩/০২ জানুয়ারি ২০১৭

**নং ০৫.১০.০০০০.০০৩.০৭.০১৫.১৪-০৩**—১৯৩৭ সালের দি বেঙ্গল জেল কোডের ১ম খন্ডের ১ম অংশের ৪র্থ পরিচ্ছেদের ৫৬(১) ও ৫৬(২) ধারায় অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ গাউস, বিভাগীয় কমিশনার, বরিশাল, পটুয়াখালী জেলা কারাগারের জন্য নিম্নে বর্ণিত ২ (দুই) জন মাননীয় সংসদ সংদস্য, ৫ (পাঁচ) জন সম্মানিত ভদ্র মহোদয় ও ২ (দুই) জন ভদ্র মহিলাকে ২ (দুই) বছরের জন্য বেসরকারি কারা পরিদর্শক নিয়োগ করলাম ঃ

| ক্রমিক নং | সদস্যদের ধরণ | নাম ও ঠিকানা |
|---|---|---|
| ১। | মাননীয় সংসদ সদস্য | জনাব আ.খ.ম জাহাঙ্গীর হোসাইন,<br>মাননীয় সংসদ সদস্য, পটুয়াখালী-৩। |
| ২। | | জনাব মোঃ মাহবুবুর রহমান তালুকদার,<br>মাননীয় সংসদ সদস্য, পটুয়াখালী-৪। |
| ৩। | পুরুষ সদস্য | জনাব মোঃ তারিকুজ্জামান, চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, পটুয়াখালী সদর। |
| ৪। | | এ্যাডভোকেট গোলাম ওহিদ চৌধুরী,<br>বিজ্ঞ পিপি, পটুয়াখালী। |
| ৫। | | জনাব কাজী আলমগীর, যুগ্ম-সম্পাদক,<br>জেলা আওয়ামীলীগ, পটুয়াখালী। |
| ৬। | | জনাব মোঃ শফিকুর রহমান চান,<br>বিশিষ্ট সমাজ সেবক, পটুয়াখালী। |
| ৭। | | জনাব নির্মল কুমার রক্ষিত,<br>সদস্য, প্রেসক্লাব, পটুয়াখালী। |
| ৮। | মহিলা সদস্য | মিসেস সোহানা হোসেন মিকি,<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>পটুয়াখালী। |
| ৯। | | কাজী কানিজ সুলতানা হেলেন,<br>চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা,<br>পটুয়াখালী। |

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ গাউস**
বিভাগীয় কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রংপুর বিভাগ, রংপুর**
**(রাজস্ব শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৭.০০০০.০০৮.০১.০৯৯.১৬-১০১১**—ভূমি মন্ত্রণালয়, অধিশাখা-২ এর ০৮-১২-২০১৬ তারিখের ৩১.০০.০০০০.০৪৬. ১৯.০৫৫.১৪.৮৫৪ নং প্রজ্ঞাপন মূলে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে রংপুর বিভাগ, রংপুরে ন্যস্ত করায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের বিপরীতে উল্লিখিত উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়ন করা হলো :

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | জনাব বিরোদা রানী রায়<br>পরিচিতি নং-১৭১৪৭ | পঞ্চগড় | উপজেলা ভূমি অফিস,<br>বীরগঞ্জ, দিনাজপুর। |

২। বর্ণিত কর্মকর্তাকে স্ব অধিক্ষেত্রে রেন্ট সার্টিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত ১৯১৩ সালের পিডিআর এ্যাক্টের ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**কাজী হাসান আহমেদ**
বিভাগীয় কমিশনার।

**(সংস্থাপন শাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৭ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০৩.১৬-৭০৫**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন/বদলি করা হলো:

| ক্র: নং | কর্মকর্তার নাম ও কর্মস্থল | নিজ জেলা | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ রনি আলম নূর (১৭৫৪৯), সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয় পঞ্চগড়। | কুষ্টিয়া | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর। |

২। বর্ণিত কর্মকর্তাকে বদলিকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বর্তমান কর্মস্থল হতে আগামী ২৬-১২-২০১৬ তারিখের মধ্যে অবমুক্ত হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো। অন্যথায় বর্ণিত কর্মকর্তা ২৬-১২-২০১৬ তারিখ অপরাহ্নে বর্তমান কর্মস্থল হতে তাৎক্ষণিক ভাবে অবমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ১৮ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/০১ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০৩.১৭-২**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন/বদলি করা হলো:

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | নিজ জেলা | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ গোলাম রব্বানী (১৬৬৬৫), সিনিয়র সহকারী কমিশনার হিসেবি যোগদানকৃত। | ঠাকুরগাঁও | জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**কাজী হাসান আহমেদ**
বিভাগীয় কমিশনার।

---

**প্রাণিসম্পদ অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৬ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ৩৩.০১.০০০০.১১১.০৯.৩৪৭.(অংশ-৬)-১২-২৮০**—বাংলাদেশ পশুরোগ আইন, ২০০৫ ধারা-৫ এর প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত খামারটিকে সংক্রমিত এলাকা ঘোষণা করা হইল :

(ক) সংক্রমিত এলাকার সীমা ঃ **ফার্মের নাম ও ঠিকানা :** এস. এস. এগ্রো কমপ্লেক্স, প্রোঃ আলহাজ কামাল আহম্মদ মজুমদার, মাননীয় সংসদ সদস্য, ঢাকা-১৫, গ্রাম-বুড়াকৈ, উপজেলা-ধামরাই, জেলা-ঢাকা।

**বর্ণিত এস. এস. এগ্রো কমপ্লেক্স এর পোল্ট্রি ফার্ম**-কে সংক্রমিত খামার হিসাবে গণ্য করা হইল। সেই সঙ্গে উক্ত খামারকে কেন্দ্র করিয়া চতুর্দিকে এক কিলোমিটার পর্যন্ত এলাকার সকল হাঁস-মুরগিকে সার্বক্ষণিক পর্যবেক্ষণ এলাকা হিসেবে নির্ধারণ করা হইল।

(খ) সংক্রমিত এলাকা ঘোষণার মেয়াদ ঃ ৩ (তিন) মাস।

(গ) সংক্রমিত এলাকার বিস্তার লাভকারী রোগের বিবরণ ঃ এভিয়ান ইনফ্লুয়েঞ্জা টাইপ 'A' Positive।

(ঘ) সংক্রমিত হইতে পারে এমন প্রাণির বিবরণ ঃ সকল প্রকার পাখি।

**পশুর মালিক, দখলকার, তত্ত্বাবধায়ক নিয়ন্ত্রক, ভেটেরিনারি কর্মকর্তা বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীতব্য ব্যবস্থা—**

১। এস. এস. এগ্রো কমপ্লেক্স-এর সংক্রমিত মুরগি খামারের সকল পাখি নিধন ও ডিম ধ্বংস করিতে হইবে এবং নীতিমালা অনুযায়ী মাটির নীচে পুঁতিয়া ফেলিতে হইবে। তবে উক্ত এলাকার বাণিজ্যিক ও অন্যান্য খামারের মুরগি ধ্বংস করা যাইবে না।

২। সংক্রমিত খামারের অন্যান্য দ্রব্যাদি যথানিয়মে ধ্বংস ও জীবাণুমুক্ত করিতে হইবে।

৩। সংক্রমিত খামার হইতে চতুর্দিকে এক কিলোমিটারের ভিতর হইতে কোন পাখি, ডিম, পাখির মাংস ও পাখিজাত পণ্য উক্ত এলাকার বাহিরে স্থানান্তর এবং বাহির হইতে উক্ত এলাকার ভিতরে প্রবেশ করিতে পারিবেনা।

৪। উক্ত এলাকায় পাখি, ডিম, পাখির মাংস, পাখিজাত পণ্যের ক্রয় বিক্রয় করা যাইবে না।

৫। মুরগী নিধনের পর হইতে বিরতিহীনভাবে ৭ (সাত) দিন ডিকন্টামিনেশন (Decontamination) করিতে হইবে।

**ডাঃ এইচ. বি. এম. গোলাম মাহমুদ**
পরিচালক (উৎপাদন)।

## বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

### প্রজ্ঞাপন

তারিখ : ০৭ ডিসেম্বর ২০১৬

**নং ১৩.০২.০০০০.৫১০.১১.০০২.১৬.২০**—নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা ৫১ এর উপ-ধারা (২) অনুসারে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, নিম্নোক্ত সিটি করপোরেশনসমূহের অনুমোদনক্রমে তদধিন করপোরেশনের নিম্নবর্ণিত স্যানেটারি ইন্সপেক্টরগণকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নোক্ত শর্তাদি যথাযথভাবে পালন সাপেক্ষে নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়িত্ব প্রদান করা হইল:

| ক্রমিক | সিটি করপোরেশন | নাম | কর্ম এলাকা |
|---|---|---|---|
| ১। | নারায়ণগঞ্জ | মোঃ আলমগীর হিরণ | নারায়ণগঞ্জ সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ২। | নারায়ণগঞ্জ | মোঃ শাহাদাত হোসেন | নারায়ণগঞ্জ সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ৩। | নারায়ণগঞ্জ | শাহিদা বেগম | নারায়ণগঞ্জ সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ৪। | কুমিল্লা | মোহাম্মদ মেছবাহ উদ্দীন ভূঁঞা | কুমিল্লা সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ৫। | রংপুর | মোঃ আব্দুল কাইয়ুম | রংপুর সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ৬। | খুলনা | শেখ মেহিদী হাসান বুলবুল | খুলনা সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ৭। | রাজশাহী | অচিন্ত্য কুমার ভাদুরি | রাজশাহী সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ৮। | গাজীপুর | মমতাজ বেগম | গাজীপুর সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ৯। | গাজীপুর | মলয় কুমার দাস | গাজীপুর সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ১০। | গাজীপুর | মোঃ আরসাদ হোসেন | গাজীপুর সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |
| ১১। | বরিশাল | জাহাঙ্গীর মোল্লা | বরিশাল সিটি করপোরেশন এলাকায় (প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক নির্ধারিত) |

২। **শর্তাদি :**

(ক) নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, একজন নিরাপদ খাদ্য পরিদর্শক হিসেবে গণ্য হইবেন;

(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা ২৩-৪২ এ বর্ণিত বিধি-নিষেধ সম্পর্কে নিজ অধিক্ষেত্রের খাদ্য ব্যবসায়ীগণকে অবহিত ও সচেতন করিবেন এবং মাসিক রেজিস্টারে তাহা লিপিবদ্ধ করিবেন;

(গ) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ যথাযথ বিজ্ঞানসম্মত পদ্ধতি অনুসরণ করিয়া নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা ২৯, ৩৩, ৩৪, ৩৫ ও ৩৬ এবং হাইজিন ও স্যানিটেশন কার্যক্রম বাস্তবায়ন করিবেন এবং মাসিক রেজিস্টারে তাহা লিপিবদ্ধ করিবেন;

(ঘ) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ দায়িত্ব পালনকালে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এবং নিরাপদ খাদ্য (খাদ্যদ্রব্য জব্দকরণ ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ পদ্ধতি) বিধিমালা, ২০১৪ যথাযথভাবে অনুসরণ করিবেন। ইহা ছাড়া Bangladesh Pure Food Rules, 1967 এর যতখানি নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এবং নিরাপদ খাদ্য (খাদ্যদ্রব্য জব্দকরণ ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ পদ্ধতি) বিধিমালা, ২০১৪ এর সহিত অসামঞ্জস্যপূর্ণ ততখানি বাদ দিয়া, আপাততঃ তিনি Bangladesh Pure Food Rules, 1967 অনুসরণ করিবেন।

(ঙ) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ অনুচ্ছেদ ৫ এ বর্ণিত আইন ও বিধিমালা এবং নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর অধীন ভবিষ্যতে প্রণীতব্য কোনো বিধি বা প্রবিধির বিধানের বাহিরে কোন দায়িত্ব পালন করিলে তাহা নিরাপদ খাদ্য পরিদর্শক হিসেবে দায়িত্ব পালন বলিয়া গণ্য হইবে না;

(চ) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নমুনা সংগ্রহ ও পরিদর্শন পরিকল্পনা মোতাবেক এবং নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারাসমূহ ৪৭ ও ৪৮ অনুযায়ী নমুনা সংগ্রহ ও পরিদর্শন কার্যক্রম সম্পাদন করিবেন;

(ছ) নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা ৬৬ এর উপ-ধারা (১) মোতাবেক অভিযোগ গ্রহণ করিবার ক্ষমতা বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যানের পক্ষ হইতে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তার থাকিবে। প্রাপ্ত লিখিত অভিযোগ প্রয়োজনীয় অনুসন্ধান ও পরীক্ষা-নিরীক্ষান্তে প্রাথমিকভাবে সঠিক বলিয়া নিশ্চিত হইলে সংশ্লিষ্ট প্রধান স্বাস্থ্য কর্মকর্তা খাদ্য আদালতে মামলা দায়েরের ব্যবস্থা গ্রহণ করিবেন। তবে যিনি নমুনা সংগ্রহ এবং মামলা দায়ের করিবেন তিনি অভিযোগ তদন্ত করিতে পারিবেন না;

(জ) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ সংশ্লিষ্ট সিটি করপোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তার প্রশাসনিক নিয়ন্ত্রণে থাকিবেন। এই দায়িত্ব পালনে স্থানীয় পর্যায়ে সংশ্লিষ্ট প্রধান স্বাস্থ্য কর্মকর্তা নিরাপদ খাদ্য আইন, ২০১৩ ও ইহার অধীন প্রণিত বিধি-বিধানের আলোকে যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করিবেন। তবে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কার্যক্রম বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক নিয়ন্ত্রিত হইবে;

(ঝ) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণের দায়িত্ব ও কর্তব্য পালনকালে কোনো বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে বা ব্যাখ্যার প্রয়োজন হইলে সেই বিষয়ে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে ব্যবস্থা গ্রহণ করিবেন;

(ঞ) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ কোনো খাদ্যদ্রব্যের সংস্পর্শে আসিবার পূর্বে ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সুরক্ষা গ্রহণযোগ্য মাত্রায় নিশ্চিত করিবেন এবং এসেপটিক অবস্থায় নমুনা সংগ্রহ ও সংরক্ষণ করিবেন;

(ট) নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা ৫২ এর উপ-ধারা (১) এর দফাসমূহ (ঘ), (ঙ), (চ), (ছ), (ঞ), (ট) ও (ঠ) তে বর্ণিত কার্যক্রম সংক্রান্ত তথ্য ও উপাত্ত স্প্রেডশিটে বিভিন্নভাবে ব্যবহারোপযোগী পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে। এই তথ্য বা উপাত্তের হার্ডকপিও সংরক্ষণ করিতে হইবে। ইহা কর্তৃপক্ষসহ খাদ্য নিয়ন্ত্রণকারী সকল সংস্থা প্রয়োজনে ব্যবহার করিতে পারিবে। ইহা ছাড়া নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী কার্য এলাকার সকল খাদ্য ব্যবসার ডাটাবেইজ তৈরি করিয়া উহা হালনাগাদ অবস্থায় সংরক্ষণ করিবেন;

(ঠ) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ নির্ধারিত ছকে নিরাপদ খাদ্য পরিদর্শকের কার্যক্রম সংক্রান্ত তথ্য/উপাত্ত মাসিক ভিত্তিতে পরবর্তি মাসের ১০ তারিখের মধ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন; এবং

(ড) দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিকট এই মর্মে এফিডেভিট দাখিল করিবেন যে তিনি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো খাদ্যদ্রব্য বা খাদ্যোপকরণ উৎপাদন বা বিপণনের সাথে সংশ্লিষ্ট কোন ব্যবসায়ে জড়িত নহেন।

৩। জনস্বার্থ জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ খালেদ হোসেন**
সচিব।

---

**উপপরিচালকের কার্যালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা**
**ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৭ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং মাউশি/ময়/৪০/১৪-এ**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত সহকারী শিক্ষকগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে নিজ বেতন ও বেতনস্কেলে বদলীভিত্তিক নিয়োগ করা হ'ল :

| ক্রঃ নং | নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | বদলীকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ১। | জনাব মোঃ আবুল কালাম আজাদ,<br>সহকারী শিক্ষক (গণিত)<br>জন্ম তারিখঃ ০১-০৩-১৯৬৭ খ্রিঃ<br>জামালপুর জিলা স্কুল, জামালপুর। | সহকারী শিক্ষক (গণিত)<br>বালীজুড়ী রওশন আরা সরকারি বালিকা উঃ/বিঃ, মাদারগঞ্জ,<br>জামালপুর (শুন্য পদে)। |
| ২। | জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন<br>সহকারী শিক্ষক (ইংরেজী)<br>জামালপুর জিলা স্কুল, জামালপুর। | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>বালীজুড়ী রওশন আরা সরকারি বালিকা উঃ/বিঃ, মাদারগঞ্জ,<br>জামালপুর (শুন্য পদে)। |
| ৩। | জনাব আলফাজ উদ্দিন<br>সহকারী শিক্ষক (বাংলা)<br>জামালপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, জামালপুর। | সহকারী শিক্ষক (বাংলা)<br>বালীজুড়ী রওশন আরা সরকারি বালিকা উঃ/বিঃ, মাদারগঞ্জ,<br>জামালপুর (শুন্য পদে)। |

উপরোক্ত শিক্ষকগণের বদলীর আদেশ জনস্বার্থে করা হল। বদলীকৃত শিক্ষকগণকে আগামী ১৯-০১-২০১৭ খ্রিঃ পূর্বাহ্নের মধ্যে বিমুক্ত করতে হবে। অন্যথায় ঐ দিন অপরাহ্ন হতে তাৎক্ষণিকভাবে বিমুক্ত বলে গণ্য হবে।

**এ এস এম আব্দুল খালেক**
উপ-পরিচালক (ভারপ্রাপ্ত)।

**[ একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে ]**

**সমবায় অধিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৭ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ৪৭.৬১.০০০০.০৩৪.৪০.০৪০.১২-৩২০(সেঃ শিঃ)**—বাংলাদেশ সমবায় হিউম্যান হলার চালক সমবায় সমিতি লিঃ এর নিবন্ধন নং-০১, তারিখ: ০২-০৭-১৯৯৮ খ্রিঃ (মূল) (খ) নং-০১, তারিখ: ১৭-০৪-২০০১ খ্রিঃ (সংশোধিত) ঠিকানা: ৪৩/২০-স্বমীবাগ, সূত্রাপুর, ঢাকা (নিবন্ধনকৃত) ১২৩/১ এ সামাদ সুপার মার্কেট (৩য় তলা) দক্ষিণ যাত্রাবাড়ী, ডেমরা, ঢাকা-এর কার্যক্রম দীর্ঘদিন বন্ধ থাকায় এ দপ্তরের আদেশ নং-১৭ (সেঃশিঃ); তারিখ: ১১-০১-২০০৯ খ্রিঃ মূলে অবসায়নে ন্যস্ত ও অবসায়ক নিয়োগ করা হয়। ইতোমধ্যে ০৬ বছরের অধিক সময় অতিবাহিত হওয়ায় এবং সমিতির কার্যক্রম বন্ধ থাকায় সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩ ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ১২৩ বিধি মোতাবেক সমিতিটি পুনরায় অবসায়নে ন্যস্ত এবং একই আইনে ৫৪(১) ধারা ও একই বিধিমালার ১২৪ বিধি অনুযায়ী জনাব মোহাম্মাদ আবুল বাশার, উপ নিবন্ধক (কৃষিজ শিল্প) সমবায় অধিদপ্তর, ঢাকাকে সংশ্লিষ্ট সমিতির অবসায়ক নিয়োগ করা হ'ল। তাঁকে আগামী ৩০-০৬-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সমবায় সমিতি আইন, ২০০১ ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ অনুসরণপূর্বক অবসায়ন কার্য সম্পন্ন করে এ দপ্তরে প্রতিবেদন দাখিল করার জন্য বলা হ'ল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মফিজুল ইসলাম**
নিবন্ধক ও মহাপরিচালক।

**জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**এল. এ. কেস নং-১৩/২০১৫-১৬**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি "National Power Transmission Network Development" শীর্ষক প্রকল্পের আওতায় ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায় একটি ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য পিজিসিবি এর অনুকূলে কাঠুলী মৌজায় ৫.০০ একর সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা-কাঠুলী, জে. এল. নং-৩৫, উপজেলা-ভালুকা, জেলা-ময়মনসিংহ।

| দাগ নং (এস, এ) | দাগে অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ১ | ২ |
| ১২৯ (অংশ) | ০.৪৭ |
| ১৩০ (অংশ) | ০.৬১৭৫ |
| ১৩১ (অংশ) | ০.৪৫২৫ |
| ১৩২ (পূর্ণ) | ০.০৮ |
| ১৩৩ (অংশ) | ২.৯৬ |
| ১৩৪ (অংশ) | ০.৩৫ |
| ১৩৭ (অংশ) | ০.০৭ |
| **মোট =** | **৫.০০** |

**মোঃ খলিলুর রহমান**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর**
**(এল, এ শাখা)**

**আদেশ**

তারিখ : ২০ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ৩১.৪৫.৮৯০০.০১.০০.০০১.২০১১-৬০১**—মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-সিডি/ডিএ/১/১২(৪)/৮৫-২২৩(৭০), তারিখ: ২৪-০৬-৮৪ খ্রিঃ এবং স্থাবর সম্পত্তি হুকুম দখল ও অধিগ্রহণ (সংশোধিত) অধ্যাদেশ ১৯৮৪ অনুসরণে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি ডা. এ এম পারভেজ রহিম, জেলা প্রশাসক, শেরপুর এতদ্বারা জনাব সুমন্ত ব্যানার্জি (পরিচিতি নং-১৭৫২১), সহকারী কমিশনার, শেরপুরকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত জেলা প্রশাসকের পক্ষে শেরপুর জেলার অধিক্ষেত্রের মধ্যে ভূমি অধিগ্রহণ কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালনের ক্ষমতা অর্পণ করলাম।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

**ডা. এ এম পারভেজ রহিম**
জেলা প্রশাসক।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**দক্ষিণ সুনামগঞ্জ**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০১ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ

**নং ০৫. ৯০১১.০২৫.০০.০০.০৫৯.২০১৫-০৫**—যেহেতু, সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার অন্তর্গত পশ্চিম পাগলা ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের সংরক্ষিত সদস্য জনাব হাসি রানী দে, স্বামী-সুষময় দে, গ্রাম-শক্রমর্দন গত ২৩-১২-২০১৬ খ্রিঃ তারিখ রোজ শুক্রবার মৃত্যুবরণ করেন।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (১) ঙ এবং ৩৫ (২) অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ আলমগীর কবির, উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ তাঁর মৃত্যুজনিত কারণে ২৩-১২-২০১৬ খ্রিঃ তারিখ হতে পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সংরক্ষিত সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ আলমগীর কবির**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম**
**(সংস্থাপন শাখা)**

**অফিস আদেশ**

তারিখঃ ২২ জানুয়ারি ২০১৭

নং **০৫.৪২.১৫০০.২০৩.৬৫.০১৬.১৭-৬৩**—বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামের ১৯-০১-২০১৭ তারিখের ০৫.৪২. ০০০০.০১৯.১৪.০০১.১৬-৭২ নং প্রজ্ঞাপন মূলে জনাব মুহাম্মদ আবুল হাশেম (১৬১৯৯), উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম-কে কুমিল্লা জেলার লাকসাম উপজেলায় স্বপদে পদায়ন করায় উক্ত পদে যোগদানের নিমিত্ত তাঁকে ২২-০১-২০১৭ তারিখ অপরাহ্নে বর্তমান পদ ও কর্মস্থল হতে অবমুক্ত করা হলো। তিনি জনাব আ.ন.ম বদরুদ্দোজা (১৬৬৯৩), সহকারী কমিশনার (ভূমি), পটিয়া, চট্টগ্রাম এর নিকট দায়িত্ব হস্তান্তর করবেন।

**মোঃ সামসুল আরেফিন**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**১৯৮২ সনের ২ নং অধ্যাদেশের আলোকে এল. এ. মামলা নং ১৪/২০১৩-২০১৪**
**ফরম 'ঘ'**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১ (২) ধারা মোতাবেক ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল:

**তফসিল:**

মৌজাঃ পূর্ব ষোলশহর, জে.এল. নম্বর ১৪, থানা/ উপজেলা - পাঁচলাইশ/ চান্দগাঁও, জেলা-চট্টগ্রাম।

| বি.এস খতিয়ান নম্বর | জমির শ্রেণি | বি.এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৭ | অফিস | ২৪৫ (আংশিক) | ০.০০৫০ |
| ১৩৭৭ | খিলা | ২৩৩ (আংশিক) | ০.০০৬০ |
| ১১০৬ | নাল | ২৩৪ (আংশিক) | ০.০০৬০ |
| ৫৭৯, ১৩২৭, ১৩৭৭, ১১০৬ | রাস্তা | ২৩১ (আংশিক) | ০.০০৪০ |
| ১৩২৭ | নাল | ২২৫ (আংশিক) | ০.০০৭০ |
| ৫৭৯ | নাল | ২২৬ (আংশিক) | ০.০০৬০ |
| ৩৮৫ | নাসি | ২২৩ (আংশিক) | ০.০০৫০ |
| ৩৮৫ | নাল | ২১৪ (আংশিক) | ০.০০৩০ |
| ৩৮৫ | পুকুর | ২১৫ (আংশিক) | ০.০০৭০ |
| ৩৮৫ | নাসি | ২১২ (আংশিক) | ০.০০৫০ |
| ১ | রাস্তা | ২১১ (আংশিক) | ০.০০৩০ |
| ৩৮৪, ১০৬০, ১২১৬ | পুকুর | ৫৫ (আংশিক) | ০.০০৫০ |
| ছুট | রাস্তা | ২০০১ (আংশিক) | ০.০০৪০ |
| ১২০ | দোকান | ২০০৪ (আংশিক) | ০.০০৪০ |
| ১২০ | নাল | ২০১২ (আংশিক) | ০.০২৫০ |
| ১১৪১ | দালান | ২০১৩ (আংশিক) | ০.০০৬০ |
| ১২০ | নাল | ২০০৫ (আংশিক) | ০.০০৫০ |
| ১৩০০ | নাল | ২০১৬ (আংশিক) | ০.০০১০০ |
| **সর্বমোট ভূমির পরিমাণ-০.১১৬০ একর** | | | |

মৌজাঃ বাকলিয়া, জে.এল. নম্বর ১৫, থানা/উপজেলা-বাকলিয়া, জেলা-চট্টগ্রাম।

| বি.এস খতিয়ান নম্বর | জমির শ্রেণি | বি.এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১৫৩৩, ১৬৩৫, ১৭৭৯, ১৯২৭, ৩২৬৭, ৩২৮১, ৩২৩৭ | পুকুর | ১৮৬৬৭ (আংশিক) | ০.০৪০০ |
| ৩২৩৭ | বাড়ী | ১৮৬৬৮ (আংশিক) | ০.০৫০০ |
| ১৫৩৩ | বাড়ী | ১৮৬৬৯ (আংশিক) | ০.০২০০ |
| ১৬৩৫ | বাড়ী | ১৮৬৭০ (আংশিক) | ০.০২০০ |
| ৩২৮১ | বাড়ী | ১৮৬৭১ (আংশিক) | ০.০৩০০ |
| ৩৯০২ | ভিটি | ১৯০৪৫ (আংশিক) | ০.০১৩০ |
| ৩৩৪২ | বাড়ী | ১৯০৪৬ (আংশিক) | ০.০২৩০ |

| বি.এস খতিয়ান নম্বর | জমির শ্রেনী | বি.এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৭ | বাড়ী | ১৯০৪৯ (আংশিক) | ০.০১০০ |
| ২৫৬ | বাড়ী | ১৯০৫০ (আংশিক) | ০.০১০০ |
| ১৪৪৩ | বাড়ী | ১৯০৫১ (আংশিক) | ০.০১৫০ |
| ৭৭৬ | বাড়ী | ১৯০৫২ (আংশিক) | ০.০১০০ |
| ৪৫৬ | বাড়ী | ১৯০৫৩ (আংশিক) | ০.০১০০ |
| ৩১৮০ | বাড়ী | ১৯০৫৪ (আংশিক) | ০.০১৫০০ |
| ২৮৯২ | বাড়ী | ১৯০৫৫ (আংশিক) | ০.০১০০ |
| ৩৮০৭ | বাড়ী | ১৯০৫৬ (আংশিক) | ০.০২৫০ |
| ২৯৪০ | বাড়ী | ১৯০৫৭ (আংশিক) | ০.০৩০০ |
| ৭৭৮, ২৯৪০, ৩৮০৭, ৩৯১৩ | পুকুর | ১৯০৩৭ (আংশিক) | ০.০২৫০ |
| ৩২৮১ | নাল | ১৭৯২৬ (আংশিক) | ০.০০৫০ |
| ২৩৭১ | নাল | ১৭৯২৩ (আংশিক) | ০.০০৫০ |
| ১৭৭৯ | নাল | ১৭৯২৪ (আংশিক) | ০.০১০০ |
| ১৯২৭ | বাড়ী | ১৭৯২২ (আংশিক) | ০.০২৫০ |
| ২৩৭১ | বাড়ী | ১৮৬৬০ (আংশিক) | ০.০০৮০ |
| ৩২৮১ | ভিটা | ১৮৬৬১ (আংশিক) | ০.০০৫০ |
| ১৭৭৯ | বাড়ী | ১৮৬৬৪ (আংশিক) | ০.০১৫০ |
| ১৭৭৯, ৩২৩৭, ৩২৮১, ২৩৭১, ১৬৩৫ | পুকুর | ১৮৬৬৫ (আংশিক) | ০.০২০০ |
| ৭ | খিলা | ১৯০৬৪ (আংশিক) | ০.০০৭০ |
| ৩৩৪৩, ১৪৪৪ | পুকুর পাড় | ১৯০৬২ (আংশিক) | ০.০৩০০ |
| ১৪৪৪ | পুকুর পাড় | ১৯০৬২/২০২৪৪ (আংশিক) | ০.০০৫০ |
| ১৫৯৮ | বাড়ী | ১৯০৬০ (আংশিক) | ০.০০৫০ |
| ৩৮৯ | বাড়ী | ১৯০৫৯ (আংশিক) | ০.০০৫০ |
| ৩৯১৩ | বাড়ী | ১৯০৫৮ (আংশিক) | ০.০০৬০ |
| ২৯৪০ | খাই | ১৯০৭৭ (আংশিক) | ০.০০৬০ |
| ৩২৮১ | নাল | ১৭৯২৫ (আংশিক) | ০.০০৫০ |
| ৭৭৭ | বাড়ী | ১৯০৭৯ (আংশিক) | ০.০০৪০ |
| ৩৯২ | নাল | ১৮৫৮৬/২০২২৮ (আংশিক) | ০.০০৪০ |
| ৭৩৮ | পুকুর | ১৮৬৭৯ (আংশিক) | ০.০০৪০ |
| ৩৪১৬ | খিলা | ৩০৬০ (আংশিক) | ০.০০৫০ |
| ২৩১৮ | পুকুর | ৩০৬১ (আংশিক) | ০.০১২০ |
| ২৩১৮ | বাড়ী | ৩০৬২ (আংশিক) | ০.০১৩০ |
| | | | **মোট = ০.৫৬০০ একর** |

মৌজাঃ চান্দগাঁও, জে.এল. নম্বর ০৯, থানা/উপজেলা-চান্দগাঁও, জেলা-চট্টগ্রাম।

| বি.এস খতিয়ান নম্বর | জমির শ্রেণি | বি.এস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ২৭৬৫ | দোকান | ১৩৮৩১ (আংশিক) | ০.০২০০ |
| ২৭৬৫ | দোকান | ১৩৮৩২ (আংশিক) | ০.০৪০০ |
| ২৭৬৮ | দোকান | ১২৪৯০ (পূর্ণ) | ০.০১০০ |
| ২৭৬৫, ২৭৬৮ | পুকুর | ১২৪৯১ (আংশিক) | ০.০২০০ |
| ২৭৬৭, ২৭৬৪, ২৭৬৫ | বাড়ী | ১২৪৯৭ (আংশিক) | ০.০৭০০ |
| ২৭৬৬ | নাসি | ১২৪৯৮ (আংশিক) | ০.০২০০ |
| ২৭৬৫ | খিলা | ১২৪৯৯ (আংশিক) | ০.০১৫০ |
| ৪৬৫ | দোকান | ১২৫০০ (পূর্ণ) | ০.০৪০০ |
| ৫৬৫, ২৬৭৯ | ভিটা | ১২৫০১ (আংশিক) | ০.০৩০০ |
| ৭ | পথ | ১২৫০২ (আংশিক) | ০.০১২০ |
| ৪৬৫ | নাল | ১২৫১৪ (আংশিক) | ০.০২০০ |
| ৫৬৫, ২৬৭৯ | নাল | ১২৫১৫ (আংশিক) | ০.১৩৩০ |
| ৩৭০৫ | পথ | ১২৫১৬ (আংশিক) | ০.০৬০০ |
| ১ | খাই | ১২৫১৮ (আংশিক) | ০.১২০০ |
| ৩৭০৪ | খিলা | ১২৫৫৩ (আংশিক) | ০.০৪০০ |
| | | | **সর্বমোট ভূমির পরিমাণ = ০.৬৫০০ একর** |

সর্বমোট = (০.১১৬০+০.৫৬০০+০.৬৫০০) = ১.৩২৬০ একর।

অধিগ্রহণকৃত ভূমির দাগসূচী ও এলাইনমেন্ট নক্সা ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এ রক্ষিত আছে।

**মোঃ সামসুল আরেফিন**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি**

**(সংস্থাপন শাখা)**

**অফিস আদেশ**

তারিখ: ০২ মাঘ, ১৪২৩/১৫ জানুয়ারি ২০১৭

**নং ০৫.১০.৪২০০.০০৬.১১.০৭৩.১৬-৪৫**—১৯১৩ সনের পিডিআর এ্যাক্টের ৩(৩) ধারা এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০৭-০১-১৯৮৮ তারিখের মপবি/জেপ্র-৪/২(১৮)/৮৬-৮৮/১৬ নং স্মারকের পরিপ্রেক্ষিতে এ কার্যালয়ের সহকারী কমিশনার জনাব খান মাসুম বিল্লাহ (পরিচিতি নম্বর-১৭৬৫৫)-কে ঝালকাঠি জেলার অধিক্ষেত্রাধীন জেনারেল সার্টিফিকেট মামলামসূহ পরিচালনার জন্য জেনারেল সার্টিফিকেট অফিসার এর ক্ষমতা অর্পণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মিজানুল হক চৌধুরী**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**পুনঃগ্রহণ (রিজিউম) কেস নং-০৩/২০১৫ এর ২৫/০৫/২০১৫ তারিখের আদেশ বাতিল এর ঘোষণাপত্র।**

ভূমি মন্ত্রণালয়ের ০৬-১১-২০১৬ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০.০৪৮.৬৮.০৩৭.১৬-২৯৫ নম্বর এবং ০৯-০১-২০১৭ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৮.৬৮.০৩৭.১৬-১২ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী পুনঃগ্রহণ (রিজিউম) কেস নং-০৩/২০১৫ এর ২৫-০৫-২০১৫ খ্রিঃ তারিখের পুনঃগ্রহণ (রিজিউম) আদেশ বাতিল করা হলো

**মো. জহির রায়হান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা**

**(রাজস্ব শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০২ জানুয়ারি ২০১৭

**নং ০৫.৪৩.৭৬০০.০২৮.৩০.০০১.১৬-০৯(১০০)**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় হতে পাবনা জেলায় সরবরাহকৃত উপজেলা ভূমি অফিস, ভাঙ্গুড়া, পাবনায় ব্যবহৃত ভিপি ডি সি আর বহি নং ৩০১/৮৩ (বুক নং-০০৩২২০) পাতা নং ৩২১৯০১ হতে ৩২২০০০ পর্যন্ত বইয়ের মধ্যে ৩২১৯৩৯ ও ৩২১৯৪০ নং মূল পাতা ০২টি ছেঁড়া থাকায় সহকারী কমিশনার (ভূমি) ভাঙ্গুড়া, পাবনা বাতিলের জন্য সুপারিশ করেন।

২। এমতাবস্থায় উপজেলা ভূমি অফিস, ভাঙ্গুড়া পাবনার জন্য ব্যবহৃত এ কার্যালয়ের ৩০১/৮৩ (বুক নং ০০৩২২০) নং বহির ৩২১৯৩৯ ও ৩২১৯৪০ নং মূল পাতা ছেঁড়া থাকায় (কার্বন কপিসহ) উক্ত পাতা ২ (দুই) টি বাতিল ঘোষণা করা হলো। বাতিলকৃত পাতা দ্বারা কোন প্রকার সরকারি অর্থ আদায় করা হলে তা অবৈধ ও বেআইনী বলে গণ্য হবে এবং ব্যবহারকারী আইনত দন্ডনীয় অপরাধে অপরাধী হবেন।

**রেখা রানী বালো**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**ঘিওর, মানিকগঞ্জ**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৪ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৩০.৫৬২২.০৩.০০.০২৮.১২-০৬**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলাধীন ঘিওর উপজেলার ০৫ নং বড়টিয়া ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য মোঃ আবু তালেব গত ০১-১২-২০১৬ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেছেন। (ইন্নালিল্লাহি ..............রাজিউন) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ২ উপ ধারার ক্ষমতাবলে আমি সুমনা আল মজিদ, সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব) ঘিওর, মানিকগঞ্জ ০২-১২-২০১৬ খ্রিঃ তারিখ হতে বর্ণিত ইউনিয়ন পরিষদের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**সুমনা আল মজিদ**
সহকারী কমিশনার (ভূমি)
ও
উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব)।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**ফটিকছড়ি, চট্টগ্রাম**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৭ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ০০.২০.১৫৩৩.০০২.৩৫.০০১.২০১৭-১০৩**—ফটিকছড়ি উপজেলার আব্দুল্লাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব হোসেন আলী তালুকদার বিগত ১১-০১-২০১৭ খ্রিঃ তারিখ রাত ০২.৩০ ঘটিকায় মৃত্যুবরণ করেছেন।

বর্ণিত ইউ.পি চেয়ারম্যান মৃত্যুবরণের কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫এর (১) উপ-ধারা (ঙ) এবং (২) উপধারার (১) অনুযায়ী আমি নিম্ন স্বাক্ষরকারী দীপক কুমার রায়, উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে ফটিকছড়ি উপজেলার আব্দুল্লাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি ১১-০১-২০১৭ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**দীপক কুমার রায়**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**উখিয়া, কক্সবাজার**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৮ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

**নং ০০.২০.২২৯৪.০০০.০০১.০১৮.২০১৬-৯৫১**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ মোতাবেক অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ মাঈন উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, কক্সবাজার জেলার উখিয়া উপজেলার ০২নং রত্নাপালং ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব নুরুল হক মনু, পিতা-সোলাইমান সওদাগর, সাং-পশ্চিম রত্না, উখিয়া কক্সবাজার বিগত ১৮-১২-২০১৬ খ্রিঃ তারিখ হৃদরোগ জনিত কারণে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি..............রাজিউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) ধারা অনুযায়ী তাঁর মৃত্যুর তারিখ হতে উক্ত সদস্য পদটি শূন্য ঘোষণা করা হল।

**মোঃ মাঈস উদ্দিন**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**মোরেলগঞ্জ, বাগেরহাট**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৫ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৪৪.০১৬০.০০০.১৬.০১১.২০১৭-৪৬**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) উপ-ধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে আমি মুহাম্মদ ওবায়দুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ, বাগেরহাট এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য এই মর্মে ঘোষণা করছি যে, বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন ৭নং হোগলাপাশা ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সাধারণ আসনের নির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্য জনাব মোঃ হানিফ হাওলাদার, পিতা-মোঃ ইউসুফ আলী হাওলাদার, গ্রাম-হোগলাপাশা, ডাকঘর-বৌলপুর, উপজেলা-মোরেলগঞ্জ, জেলা-বাগেরহাট গত ১১-১২-২০১৬ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ এর উপ-ধারা (২) এর অর্পিত ক্ষমতাবলে আমি নিম্নস্বাক্ষরকারী মোরেলগঞ্জ উপজেলাধীন ৭নং হোগলাপাশা ইউনিয়ন পরিষদের ০১ নং ওয়ার্ড এর সাধারণ আসনের সদস্য পদটি উল্লিখিত সদস্যের মৃত্যুর তারিখ ১১-১২-২০১৬ খ্রিঃ হতে শূন্য ঘোষণা করলাম।

**মুহাম্মদ ওবায়দুর রহমান**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**সারিয়াকান্দি, বগুড়া**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৬ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৫০.১০৮১.০০০.০৬.১২.২০১৭-৫৭**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার হাটশেরপুর ইউনিয়ন পরিষদের ০৩ নম্বর ওয়ার্ডের নির্বাচিত সাধারণ আসনের সদস্য জনাব মোঃ মাইন তরফদার, পিতা-সোলায়মান আলী তরফদার, গ্রাম-নিজবরুরবাড়ী, উপজেলা-সারিয়াকান্দি, জেলা-বগুড়া গত ১১-০১-২০১৭ ইং তারিখ সন্ধ্যা ৭.০০ ঘটিকায় মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫ এর ১ (ঙ) উপ-ধারার আলোকে এবং ধারা ৩৫ এর ২ উপ-ধারার ক্ষমতাবলে আমি মোঃ মনিরুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া তাঁর মৃত্যুর কারণে ১১-০১-২০১৭ ইং তারিখ অপরাহ্ন হতে হাটশেরপুর ইউনিয়ন পরিষদ এর ০৩ নম্বর ওয়ার্ডের মরহুম মোঃ মাইন তরফদার এর সাধারণ আসনের সদস্যের পদটি শূন্য ঘোষণা করা হলো।

**মোঃ মনিরুজ্জামান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, মৌলভীবাজার**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৯ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ১৭.০৭.৫৮০০.০০০.৪১.০০১.১৩-৫৫**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ ও নির্বাচন কমিশন সচিবালয়ের ০৮ মার্চ ২০১৭ তারিখের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৬০.১৬-১৫৯ এর নির্দেশনা মোতাবেক মৌলভীবাজার জেলাধীন জুড়ী উপজেলার পশ্চিম জুড়ী ইউনিয়নের ৭নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদের শূন্য আসনে উপ-নির্বাচনের উদ্দেশ্যে ২ ও ৩ নং কলামে নাম ও পদবিযুক্ত কর্মকর্তাকে ৪নং কলামে বর্ণিত ইউনিয়নের জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম :

জেলা : মৌলভীবাজার

**ছক**

| ক্রঃ নং | রিটার্নিং অফিসারের নাম | পদবি | দায়িত্বে নিয়োজিত এলাকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | জনাব মোঃ এনামুল হক | উপজেলা নির্বাচন অফিসার জুড়ী, মৌলভীবাজার | মৌলভীবাজার জেলাধীন জুড়ী উপজেলার পশ্চিম জুড়ী ইউনিয়নের ৭ নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদের শূন্য আসনে উপ-নির্বাচন। |

**নং ১৭.০৭.৫৮০০.০০০.৪১.০০১.১৩-৫৬**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ ও নির্বাচন কমিশন সচিবালয়ের ০৮ মার্চ ২০১৭ তারিখের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৬০.১৬-১৫৯ এর নির্দেশনা মোতাবেক মৌলভীবাজার জেলাধীন বড়লেখা উপজেলার উত্তর শাহবাজপুর ইউনিয়নের ৫নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদের শূন্য আসনে উপ-নির্বাচনের উদ্দেশ্যে ২ ও ৩ নং কলামে নাম ও পদবিযুক্ত কর্মকর্তাকে ৪নং কলামে বর্ণিত ইউনিয়নের জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম :

জেলা : মৌলভীবাজার

**ছক**

| ক্রঃ নং | রিটার্নিং অফিসারের নাম | পদবি | দায়িত্বে নিয়োজিত এলাকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | জনাব মোহাম্মদ কুতুব উদ্দিন | উপজেলা কৃষি কর্মকর্তা বড়লেখা, মৌলভীবাজার | মৌলভীবাজার জেলাধীন বড়লেখা উপজেলার উত্তর শাহবাজপুর ইউনিয়নের ৫ নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদের শূন্য আসনে উপ-নির্বাচন। |

**মোহাম্মদ মোখলেছুর রহমান**
জেলা নির্বাচন অফিসার।

**[ একই নম্বর ও স্মারকের স্থলাভিষিক্ত হবে ]**

**জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, বরগুনা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ১৭.০৬.০৪০০.০০০.৪১.০০১.১৬-৫৩**—যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা হতে প্রাপ্ত পত্র নং ১৭.০০.০০০০. ০৭৯.৪১.০৬০.১৬-১৫৯, তারিখ: ০৮-০৩-২০১৭ মোতাবেক বরগুনা জেলাধীন তালতলী উপজেলার নির্বাচনযোগ্য ০৫ (পাঁচ) টি ইউনিয়ন পরিষদের (পঁচাকোড়ালিয়া, ছোটবগী, কড়াইবাড়িয়া, বড়বগী ও নিশানবাড়িয়া) সাধারণ নির্বাচন-২০১৭ আগামী ১৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হবে। সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ দুলাল তালুকদার, জেলা নির্বাচন অফিসার, বরগুনা, নির্বাচন পরিচালনার জন্য ২নং কলামে বর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে উল্লিখিত ইউনিয়নসমূহের জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম:

**উপজেলা-তালতলী**

| ক্রঃ নং | রিটার্নিং অফিসারের পদবি | নির্বাচনযোগ্য ইউনিয়ন পরিষদের নাম |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাচন অফিসার, তালতলী, বরগুনা। | ১। বড় বগী<br>২। ছোটবগী<br>৩। নিশানবাড়িয়া |
| ২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তালতলী, বরগুনা। | ১। কড়াইবাড়িয়া<br>২। পঁচাকোড়ালিয়া |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ দুলাল তালুকদার**
জেলা নির্বাচন অফিসার।

---

**[ একই নম্বর ও স্মারকের স্থলাভিষিক্ত হবে ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ১৭.০৬.০৪০০.০০০.৪১.০০১.১৬-৫৪**—নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা হতে প্রাপ্ত পত্র নং ১৭.০০.০০০০. ০৭৯.৪১.০৬০.১৬-১৫৯, তারিখ: ০৮-০৩-২০১৭ মোতাবেক বরগুনা জেলাধীন তালতলী উপজেলার নির্বাচনযোগ্য ০৫ (পাঁচ) টি ইউনিয়ন পরিষদের (পঁচাকোড়ালিয়া, ছোটবগী, কড়াইবাড়িয়া, বড়বগী ও নিশানবাড়িয়া) সাধারণ নির্বাচন-২০১৭ উপলক্ষে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ দুলাল তালুকদার, জেলা নির্বাচন অফিসার, বরগুনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ধার্যকৃত সময়সূচি অনুযায়ী নিম্নেবর্ণিত তফসিলে বর্ণিত ইউনিয়ন পরিষদের প্রজ্ঞাপন জারি করিলাম:

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | ঃ | ২০ মার্চ ২০১৭ (সোমবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | ঃ | ২১ মার্চ ২০১৭ (মঙ্গলবার) |
| (গ) | রিটার্নিং অফিসারের নিকট প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ | ২৮ মার্চ ২০১৭ (মঙ্গলবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | ঃ | ১৬ এপ্রিল ২০১৭ (রবিবার) |

**উপজেলা-তালতলী**

| ক্রঃ নং | পদবি | নির্বাচনযোগ্য ইউনিয়ন পরিষদের নাম |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাচন অফিসার, তালতলী, বরগুনা। | ১। বড় বগী<br>২। ছোটবগী<br>৩। নিশানবাড়িয়া |
| ২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তালতলী, বরগুনা। | ১। কড়াইবাড়িয়া<br>২। পঁচাকোড়ালিয়া |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ দুলাল তালুকদার**
জেলা নির্বাচন অফিসার।

**[ একই নম্বর ও স্মারকের স্থলাভিষিক্ত হবে ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ১৭.০৬.০৪০০.০০০.৪১.০০১.১৬-৫৫**—যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা হতে প্রাপ্ত পত্র নং ১৭.০০.০০০০. ০৭৯.৪১.০৬০.১৬-১৫৯, তারিখ: ০৮-০৩-২০১৭ মোতাবেক জেলা নির্বাচন অফিসার, বরগুনা এর আওতাধীন বেতাগী উপজেলার বেতাগী ইউনিয়নের ০২ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদের উপ-নির্বাচন আগামী ১৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখ (রবিবার) নির্বাচন সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেছেন। সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা ২০১০ এর বিধি ৫ অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ দুলাল তালুকদার, জেলা নির্বাচন অফিসার, বরগুনা বেতাগী উপজেলাধীন বেতাগী ইউনিয়নের ০২ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদের উপ-নির্বাচন পরিচালনার জন্য জনাব কাজী সহীদুল ইসলাম, উপজেলা নির্বাচন অফিসার, বেতাগী, বরগুনাকে এতদ্বারা রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ দুলাল তালুকদার**
জেলা নির্বাচন অফিসার।

---

**জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৮ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ১৭.০৭.৯০০০.০০০.৪১.১০২.১৬.৭৬**—নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৬০.১৬-১৫৯, তারিখ: ০৮-০৩-২০১৭ এর মর্মানুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ সাদেকুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ, সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদের ০২ নং সংরক্ষিত আসনের সদস্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের নিমিত্ত নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছি :

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | ঃ | ২০ মার্চ ২০১৭ (সোমবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | ঃ | ২১ মার্চ ২০১৭ (মঙ্গলবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ | ২৮ মার্চ ২০১৭ (মঙ্গলবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | ঃ | ১৬ এপ্রিল ২০১৭ (রবিবার) |

**নং ১৭.০৭.৯০০০.০০০.৪১.১০২.১৬.৭৫**—নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৬০.১৬-১৫৯, তারিখ: ০৮-০৩-২০১৭ এর মর্মানুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুসারে প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ সাদেকুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৭ পরিচালনার জন্য নিম্নের তালিকায় ৫নং কলামে বর্ণিত কর্মকর্তাকে দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদের ০২ নং সংরক্ষিত আসনের সদস্য পদে উপ-নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ করলাম:

| ক্রঃ নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদের নাম | রিটার্নিং অফিসারের নাম ও পদবি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সুনামগঞ্জ | দক্ষিণ সুনামগঞ্জ | পশ্চিম পাগলা (০২ নং সংরক্ষিত আসনের সদস্য) | জনাব উত্তর কুমার রায়, উপজেলা নির্বাচন অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ। |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**নং ১৭.০৭.৯০০০.০০০.৪১.১০২.১৬.৭৮**—নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৬০.১৬-১৫৯, তারিখ: ০৮-০৩-২০১৭ এর মর্মানুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ সাদেকুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ, সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলার জামালগঞ্জ উত্তর ও জামালগঞ্জ সদর ইউনিয়ন পরিষদসমূহের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের নিমিত্ত নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছি :

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | ঃ | ২০ মার্চ ২০১৭ (সোমবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | ঃ | ২১ মার্চ ২০১৭ (মঙ্গলবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ | ২৮ মার্চ ২০১৭ (মঙ্গলবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | ঃ | ১৬ এপ্রিল ২০১৭ (রবিবার) |

**নং ১৭.০৭.৯০০০.০০০.৪১.১০২.১৬.৭৭**—নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৬০.১৬-১৫৯, তারিখঃ ০৮-০৩-২০১৭ এর মর্মানুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুসারে প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাম্মদ সাদেকুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৭ পরিচালনার জন্য নিম্নের তালিকায় ৫নং কলামে বর্ণিত কর্মকর্তাকে জামালগঞ্জ উত্তর (নবগঠিত) ও জামালগঞ্জ সদর (নবগঠিত) ইউনিয়নের নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ করিলামঃ

| ক্রঃ নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদের নাম | রিটার্নিং অফিসারের নাম ও পদবি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সুনামগঞ্জ | জামালগঞ্জ | ১। জামালগঞ্জ উত্তর<br>২। জামালগঞ্জ সদর | জনাব মোঃ ইউসুফ-উর-রহমান, উপজেলা নির্বাচন অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ। |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

**মোহাম্মদ সাদেকুল ইসলাম**
জেলা নির্বাচন অফিসার।

---

**সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, ফরিদপুর**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৯ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ১৭.১১.২৯০০.০০০.৪১.০০১.১৭-১১৮**—নির্বাচন কমিশন সচিবালয়ের ০৮ মার্চ ২০১৭ তারিখের স্মারক নং ১৭.০০.০০০০. ০৭৯.৪১.০৬০.১৬-১৫৯ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা-২০১০ এর বিধি-৫ অনুসারে আমি মোহাম্মাদ হাবিবুর রহমান, জেলা নির্বাচন অফিসার, ফরিদপুর এতদ্বারা জেলার মধুখালী উপজেলার ০৪টি ইউনিয়নের (ডুমাইন, মেঘচামী, আড়পাড়া, কামালদিয়া (নবসৃষ্ট)) সাধারণ নির্বাচন এবং কোরকদী ইউনিয়নের ০২নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপ-নির্বাচন পরিচালনার জন্য নিম্নেবর্ণিত কর্মকর্তাদেরকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করলাম :

| ক্রঃ নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | রিটার্নিং অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ফরিদপুর | মধুখালী | আড়পাড়া, মেঘচামী ও কোরকদী | নিজাম উদ্দীন আহমেদ<br>উপজেলা নির্বাচন অফিসার<br>মধুখালী, ফরিদপুর। | আড়পাড়া, মেঘচামী ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং (কোরকদী ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপ-নির্বাচন) |
| | | | ডুমাইন ও কামালদিয়া | মোঃ রফিকুল ইসলাম<br>উপজেলা প্রকৌশলী<br>মধুখালী, ফরিদপুর। | ডুমাইন, কামালদিয়া ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন। |

**নং ১৭.১১.২৯০০.০০০.৪১.০০১.১৭-১১৯**—নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৬০.১৬-১৫৯, তারিখঃ ০৮-০৩-২০১৭ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী ফরিদপুর জেলার মধুখালী উপজেলার ০৪টি ইউনিয়ন (ডুমাইন, মেঘচামী, আড়পাড়া, কামালদিয়া (নবসৃষ্ট)) পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছি :

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | ঃ | ২০ মার্চ ২০১৭ (সোমবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | ঃ | ২১ মার্চ ২০১৭ (মঙ্গলবার) |
| (গ) | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ | ২৮ মার্চ ২০১৭ (মঙ্গলবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | ঃ | ১৬ এপ্রিল ২০১৭ (রবিবার) |

**মোহাম্মাদ হাবিবুর রহমান**
জেলা নির্বাচন অফিসার।

**জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**সংশোধনী**

তারিখ, ২২ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ০৫.৪২.১৫০০.৪০২.০০.০০০.১৭(এল.এ মামলা নং ০৩/১৪-১৫)-২৪৮**—চট্টগ্রাম জেলার রাংগুনীয়া উপজেলাধীন জঙ্গাল পোমরা মৌজায় "বাপেক্সের জন্য বিস্ফোরক ম্যাগজিন ( গোডাউন) এর স্থান বৃদ্ধি শীর্ষক প্রকল্পের" জন্য এল. এ. মামলা নম্বর ০৩/২০১৪-২০১৫ মূলে ৩.০৮ একর ভূমি অধিগ্রহণ করা হয়। উক্ত অধিগ্রহণকৃত ভূমির গেজেট; বাংলাদেশ গেজেট, জুন ১৬, ২০১৬ সংখ্যায় প্রকাশিত হয়। প্রকাশিত গেজেট পর্যালোচনায় নিম্নোক্ত ভুল পরিলক্ষিত হয়।

মৌজা: জঙ্গাল পোমরা, উপজেলা: রাংগুনীয়া, জেলা : চট্টগ্রাম।

| ক্রমিক নম্বর | জুন ১৬, ২০১৬ সংখ্যায় প্রকাশিত গেজেট | | | | প্রেরিত 'ঘ' ফরম অনুযায়ী সংশোধন হবে | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বি.এস খতিয়ান নম্বর | বি.এস দাগ নম্বর | জমির শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) | বি.এস খতিয়ান নম্বর | বি.এস দাগ নম্বর | জমির শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) | |
| ১ | ৫৯ | ৩১১৮ | নাল | ০.৪৪০০ | ৫৯ | ৩১১৯ | নাল | ০.৪৪০০ | বি.এস. ৩১১৮ দাগের স্থলে বি.এস ৩১১৯ দাগ হবে |
| ২ | ৫৯ | ৩১৩৯ | নাল | ০.১৩০০ | ৫৯ | ৩১৩৮ | নাল | ০.১৩০০ | বি.এস. ৩১৩৯ দাগের স্থলে বি.এস ৩১৩৮ দাগ হবে |

**মোঃ সামসুল আরেফিন**
জেলা প্রশাসক।